
Shishu Kishore Akademi
Information and Cultural Affairs Department
Government of West Bengal
Presents
2nd Kolkata International Children's Film Festival
21-28 December 2012
শিশু কিশোর আকাদেমি
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত
দ্বিতীয় আন্তর্জাতিক
শিশু কিশোর চলচ্চিত্র উৎসব
২১ থেকে ২৮ ডিসেম্বর, ২০১২

## শিশু কিশোর আকাদেমি প্রকাশিত
## শিশু-কিশোর নাটকের এক অনবদ্য সংকলন

মনোজ মিত্র এবং ময়ূরী মিত্র সম্পাদিত

# শিশু কিশোর নাটক ১ ও ২




দুই খণ্ড একত্রে ৪০০টাকা

উনবিংশ শতাব্দী থেকে শুরু করে বিংশ শতাব্দীর
প্রায় শেষ দশক পর্যন্ত সেরা নাটকের সংকলন

**শিশু কিশোর আকাদেমি**

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা: ২০   দূরভাষ: ২২২৩ ৬২১০/১১/৬২৫৮

KICFF 2012

Shishu Kishore Akademi
Information and Cultural Affairs Department
Government of West Bengal
Presents

# 2nd Kolkata International Children's Film Festival

21-28 December 2012



KICFF
2012

A Kolkata International Children's Film Festival Publication

December 21, 2012

Published on the occasion of :
2nd Kolkata International Children's Film Festival
by Meghnad De, Secretary, Shishu Kishore Akademi
and Convenor, 2nd Kolkata International Children's Film Festival.

1/1 A J C Bose Road, Kolkata 700091
Tel: 0332223 6210/11/58
Fax;033 22236211, email: askcukolkata@gmail.com
Website: www.askcu.org, www.kicff.in

Printed at:
The Saraswati Printing Works
2, Guruprosad Chowdhury Lane
Kolkata - 700 006 Dial 91 9331033608

Concept and Design:
Evolve Communications
IA9, Sector-III, Kolkata-700097
evolveadvt@gmail.com

**মুখ্যমন্ত্রী,**
পশ্চিমবঙ্গ

**Chief Minister,**
West Bengal



## বার্তা

আবার চলচ্চিত্র উৎসব। এবার শিশু ও কিশোরদের জন্য দ্বিতীয় কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব। আমার খুব ভালো লাগছে ভেবে যে সাতদিন ধরে দেশবিদেশের নানা ছবি দেখে শিশুরা আনন্দ পাবে, সঙ্গে সঙ্গে অনেক কিছু শিখবেও। শিশুদের আনন্দের এই উৎসবকে সফল করা আমাদের সকলের দায়িত্ব।

এই চলচ্চিত্র উৎসবের সাফল্য কামনা করি।

(মমতা বন্দ্যোপাধ্যায়)

## Message

Festive days are here again. This time it is an event for the children and juveniles under the banner of 2nd Kolkata International Children's Film Festival. I feel happy that children will have the opportunity to see various films of different countries and will also learn a lot at the same time. It is our responsibility to make this film festival a grand success.

I wish this festival all the very best so that it may soar to a greater height.

(Mamata Banerjee)

2nd Kolkata International Children's Film Festival

**Secretary**
**Department of I&CA**
**Government of West Bengal**
**Chairperson, KICFF**

## বার্তা

চলচ্চিত্র হল এমন এক শক্তিশালী মাধ্যম যার মধ্য দিয়ে সুকুমার মনের শিশু কিশোরদের ভিতরে সেই শিক্ষা, সৃজন, উপভোগ, উপলব্ধি ও মূল্যবোধ তৈরী হয় যার মধ্য দিয়ে দেশে বিদেশের সংস্কৃতি ও রীতি-নীতি সম্পর্কে তাদের ধারণা জন্মায় -- তারা বিশ্বনাগরিক হিসেবে আত্মপ্রকাশ করে।

শিশুদের জন্য এই চলচ্চিত্রের অর্থবহ আনন্দের দরজা খুলে দেওয়ার প্রয়োজনীয়তা উপলব্ধি করেই তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত শিশু কিশোর আকাদেমি এই বর্ণময় আন্তর্জাতিক চলচ্চিত্রোৎসবের আয়োজন করেছে।

এই বছর বিগত দশকের জাতীয় পুরস্কারপ্রাপ্ত সিনেমাগুলি ছাড়াও ১৫টি বিভাগে ২৫টি দেশের ৮০টি সিনেমা দেখানো হবে। আমি আন্তরিক ধন্যবাদ জানাই সহায়তাকারী বিদেশি দূতাবাস ও সংস্থা সমূহকে, কেন্দ্রীয় সরকারী সংস্থা যেমন, ডাইরেক্টরেট অফ ফিল্ম ফেস্টিভ্যাল, চিলড্রেন্স ফিল্ম সোসাইটি অফ ইন্ডিয়া, ফিল্ম ডিভিসন, ন্যাশনাল ইনস্টিটিউট অফ ডিজাইন (পুনে), ন্যাশনাল ফিল্ম আর্কাইভ অফ ইন্ডিয়া, ইত্যাদি।

এই উৎসব আয়োজন করতে গিয়ে শিশু কিশোর আকাদেমির সভাপতি, সদস্য ও কর্মচারী বন্ধুরা যে অক্লান্ত শ্রমদান করেছেন তা বিশেষভাবে উল্লেখ করতে চাই।

আমি আশা করি কলকাতা এবং রাজ্যের সমস্ত শিশু-কিশোরদের সঙ্গে আপনারা সকলে দ্বিতীয় কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্রোৎসব উপভোগ করবেন।

(নন্দিনী চক্রবর্তী)



## Message

Cinema has the power to influence young and tender minds and can be an effective medium to create an yearning to learn, innovate, enjoy, understand and appreciate values, be exposed to different cultures and traditions of India and the world and evolve as global and responsible citizens.

Recognising the need to expose children to meaningful and joyful cinema was the guiding factor to create the Kolkata International Children's Film Festival and support the Sishu Kishore Akademi, an organization under the aegis of the Department of Information and Cultural Affairs in its endeavour to start this unique event.

This year, the films have been segregated into 15 sections where about 80 movies from 25 countries will be screened besides our national award winning movies of the last decade. I wish to thank the foreign missions, central government organisations like Directorate of Film Festival, Children's Film Society of India, Film Division, National Institute of Design (Pune), National Film Archive of India etc. for their support.

I wish to place on record deep appreciation to the Chairperson, members and officials of the Sishu Kishore Akademi for their tireless efforts in organising the festival.

I hope all of you and the children of this city and state will have the opportunity to enjoy the 2nd Kolkata International Children's Film Festival.

(Nandini Chakravorty)

2nd Kolkata International Children's Film Festival

**Director**
**2nd Kolkata International**
**Children's Film Festival**

## বার্তা

চলচ্চিত্র এমন একটি মাধ্যম যার প্রভাব জনমানসে অসীম। শিশু কিশোরদের তরুণ মনের সার্বিক বিকাশের জন্য এর কার্যকারিতা অনস্বীকার্য। শুধু তথ্যনির্ভরতাই নয়, শুধু আনন্দের উপাদানই নয়, চলচ্চিত্র দেয় নিজস্ব চিন্তার, দৃষ্টিভঙ্গির, কল্পনার পাখা মেলার অবকাশ, যার গুরুত্ব আজ বিশেষ করে অনুভূত হচ্ছে। কিন্তু, আজও শিশু চলচ্চিত্র নির্মাণ, প্রদর্শন, বিশেষতঃ তাদের নিজেদের নির্মিতির পরিবেশনের সুযোগ অপর্যাপ্ত। এই ভাবনা নিয়েই পশ্চিমবঙ্গ শিশু কিশোর অকাদেমির পক্ষ থেকে গতবছর আমরা আয়োজন করেছিলাম কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের। গতবার উৎসবের আঙিনায় শিশুদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আমাদের এবারের উৎসবের অনুপ্রেরণা। আমাদের আশা এবারও একইভাবে ছোটরা আসবে শুধু দেশবিদেশের সিনেমা দেখতে নয়, আসবে নিজেদের ক্যামেরার চোখে দেখা, নিজেদের নির্মাণ পরস্পরের সঙ্গে ভাগ করে নিতে। এই উৎসবের পরিসরকে তারা আপন করে নেবে নিজেদের স্বকীয়তায়। সেখানেই আমাদের এই দ্বিতীয় কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সাফল্য, যা ভবিষ্যতেও জারি থাকবে। একই সঙ্গে এই উপলক্ষে আমি ধন্যবাদ জানাই দেশবিদেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে যাঁরা নানাভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন উৎসব সংগঠনে।

**(অর্পিতা ঘোষ)**



## Message

Cinema is the media that has an immense impact on our minds. It is undeniably effective for the development of the young minds. Cinema provides them with not only information, or entertainment but also develops original thinking, vision of life and provides those special wings of imagination. But, conscious effort to present films for children, moreover films made by them is still very limited. Last year, PaschimbangaShishu Kishore Akademi organised the first Kolkata Childrens Film Festival keeping this limitations in mind. The overwhelming spontaneous participation of children encouraged us to continue our endeavour. We hope, this year also, children will assemble in the same way, not only to watch movies from the country and different corners of the world, but also to present their own films, to share their ideas and captured through camera with others. They will make this festival their very own with their enthusiasm. There lies the success of the 2nd Kolkata International Childrens Film Festival, the success that is to be continued in future. I also take this opportunity to thank all the Institutes and organisations from India and other countries who supported us in organising this festival.

**(Arpita Ghosh)**

2nd Kolkata International Children's Film Festival

# সম্পাদকীয়

দ্বিতীয় বছরে পা দিল কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব। প্রথম বছরেরই এই উৎসব একটি বিশেষ মাত্রা পায়। শিশু কিশোরেরা সমবেত হয়ে অংশগ্রহণ করে, ছবি দেখে, কর্মশালায় অংশ নিতে সাফল্যমন্ডিত করে তোলে এই উৎসব। তারই ধারাবাহিকতা নিয়ে দ্বিতীয় কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের আয়োজন করা হয়েছে। উৎসব শুরু হওয়ার আগেই সিনেমা তৈরীর কর্মশালা আয়োজন করা হয়েছিল। যাতে শিশু কিশোরেরা নিজেরাই নিজেদের ছবি নির্মাণ করতে পারে। অনেকটা সেই সূত্র ধরেই এবারও রাখা হয়েছে 'My Camera My World' নামের একটি বিশেষ বিভাগ। বিভিন্ন স্কুলের ছেলেমেয়েরা একাধিক নির্দিষ্ট বিষয়ের ওপর ছবি তৈরী করেছে। যা প্রতিযোগিতামূলক হলেও আশা করা যাচ্ছে অংশগ্রহণ করা প্রতিটি স্কুলের ছবিই দেখানো যাবে। এছাড়া আছে অসংখ্য দেশ-বিদেশের ছবি, জাতীয় পুরস্কারপ্রাপ্ত ছবি, ওয়াল্ট ডিজনির ছবি, বিশেষ সম্মান বা নজর দেওয়া হয়েছে উপেন্দ্রকিশোর রায়, সুকুমার রায় ও খগেন্দ্রনাথ মিত্রের ওপর। প্রায় সাত দিন ধরে এই উৎসব শিশু-কিশোর সংস্কৃতির ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য প্রভাব ফেলবে বলে আমাদের বিশ্বাস। কমবেশী শ'দেড়েক ছবির সম্ভার নিয়ে শহরের সাত-সাতটি প্রদর্শন কক্ষে প্রতি দিন তিনটি করে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। দেখার জন্য রয়েছে অবাধ প্রবেশের ব্যবস্থা। এইবার বেছে বেছে হলে ঢুকে ছবি দেখতে শুরু করলেই হল ...

লাডলী মুখোপাধ্যায়



# Executive Editor's Note

Kolkata International Children's Film Festival is two years old now. The festival accomplished uniqueness in the very first year itself. Spontaneous involvement of children to watch films and to participate in workshops made it a success. This year the 2nd Kolkata International Children's Film Festival has been organized in continuity of this achievement. The film and animation workshops for young makers started much earlier, so that children can make their own films. In this context, a special section named 'My Camera My World' has been included this year also. Students from different schools have made films on given themes. Though the section is competitive, we hope to be able to screen all the films from the schools that have participated. The festival has included innumerable films in the section of World Cinema; moreover there are several national award winning films and popular films by Walt Disney. Special tribute has been paid to Upendrakishore Ray, Sukumar Ray and Khagendra Nath Mitra. Films on Feluda have also been included in the Special Tribute section. This year, the focus is on Russian films, we have included films based on classic Russian folktales. We hope that the festival, going on for more than a week, will leave an everlasting effect in our cultural field. Around one hundred fifty films will be shown in seven halls, maintaining a schedule of three films a day. Free Entry for all has been ascertained in all these halls. So, it is the time to

Ladly Mukhopadhaya.

## Advisory Committee

Partha Chatterjee (MIC, Commerce & Industries)
Amit Mitra (MIC, Finance)
Bratya Basu (MIC, Education)
Shovan Chattopadhyay (Mayor, KMC)
Rudraprasad Sengupta
Bivas Chakraborty
Saonli Mitra
Shamik Bandyopadhyay
Shuvaprasanna
Jogen Chowdhury
Samir Aich
Ranjit Mullick
Prosenjit Chatterjee
Rituparno Ghosh
Sandip Ray
Goutam Ghosh
Mainak Biswas
Shirshendu Mukhopadhyay
Sabyasachi Chakraborty
Purnima Dutta
Sumita Bhattacharya
Kshudiram Das, Special Secretary, I&CA Dept
Dilip Kumar Chattopadhyay, Special Secretary & E.O. Director of Film, I&CA Dept
Piyali Sengupta, Joint Secretary, I&CA Dept
Umapada Chatterjee, Director of Information & E.O. Joint Secretary, I&CA dept
Nabagopal Hira, Joint Secretary & E.O. Director of Culture, I&CA Dept
Yadab Mondal, Chief Executive Officer, Nandan & E.O. Joint Secretary, I&CA Dept

## Executive committee

Nandini Chakrabarty, Chairperson, Children's Film Festival
Arpita Ghosh, Director, Children's Film Festival
Meghnad De, Convener, Executive Committee
Prasad Ranjan Roy
Shankarlal Bhattacharya
Gautam Haldar
S. V. Raman
Sunetra Ghatak
Ladly Mukhopadhyay
Dipanwita Roy
Nilanjan Bhattacharya
Sumita Samanta

## Publication & Printing
Arpita Ghosh
Ladly Mukhopadhyay
Meghnad De
Sharbani Bandyopadhyay - Convener
Anirban Ghosh
Kedar Nath Banerjee
Madhusudan Mondal

## Finance Committee
Nabagopal Hira, Director of Culture
Arpita Ghosh
Meghnad De
Amit Mondal - Convener
Sharbani Bandyopadhyay
Sonkudev Panda
Mahuya Roy

## Management & Liaison
Arpita Ghosh
Meghnad De
Sharbani Bandyopadhyay - Convener
Dipanwita Roy
Arindam Mukherjee

## Film Selection
Arpita Ghosh
Ladly Mukhopadhyay
S. V. Raman
Sunetra Ghatak
Nilanjan Bhattacharya
Gautam Halder
Chandan Goswami - Convener
Kalyan Bhowmik

## Technical
Anup Mukherjee
Debananda Sengupta
Kalyan Bhowmik - Convener
Purnendu Bikash Chaki
Arijit Chowdhury
Executive Engineer PWD (CB)Civil, West Kolkata Division
Executive Engineer PWD (CB) Electrical,West Kolkata Division

## Print Unit
Gokul Sarkar
Kalyan Bhomik - Convener
Souren Halder
Sailen Das
Surajit Roy
Saikat Ghosal

## Event Management
Arpita Ghosh
Meghnad De
Sharbani Bandyopadhyay
Arindam Mukherjee - Convener
Anirban Ghosh
Ranabir Sengupta
Mahuya Roy
Sujit Haldar
Madhusudan Mondal

## Media
Arpita Ghosh
Meghnad De
Sharbani Bandyopadhyay
Arabinda Mondal - Convener
Dipanwita Roy
Ladly Mukherjee

## Programming
Meghnad De
Ladly Mukhopadhaya - Convener
S V Raman
Chandan Goswamy
Arup Chakraborty
Anirban Ghosh

## Exhibition & Workshop
Gautam Haldar
Bhanu Marandi
Kaustav Tarafdar - Convener

## Hospitality
Debashish Haldar - Convener
Sujoy Sarkar
Rajesh Das

## Guests & Delegates
Gautam Ganguly - Convener
Debashish Gupta
Sandip Debdas

2nd Kolkata International Children's Film Festival

# Contents


| | |
|---|---|
| Inaugural Film - 'I am Kalam' | 1 |
| Closing Film - 'Gattu' | 3 |
| Tribute - Upendrakishore Raychowdhury 150th Birth Anniversary | 5 |
| Tribute - Sukumar Ray 125th Birth Anniversary | 9 |
| 75th Year Celebration - Alibaba | 13 |
| Literature & Cinema - Khagendranath Mitra | 15 |
| National Best | 19 |
| Retrospective - Feluda | 25 |
| Homage - Walt Disney | 29 |
| Focus - Russia | 37 |
| My Camera My World | 43 |
| Films Division Package | 47 |
| Archival Films | 49 |
| World Cinema | 55 |
| Discovery | 81 |
| All Time Favourites | 85 |
| Biographical Films | 91 |
| Short & Documentaries | 95 |
| Special Thanks | |

2nd Kolkata International Children's Film Festival


INAUGURAL FILM
i Am
KALAM

## INAUGURAL FILM



### I am Kalam

India, 2010, 88 mins
**Director:** Nila Madhab Panda
**Cast:** Gulshan Grover, Harsh Mayar and Hussan Saad





The film celebrates the survival of the human spirit against overwhelming odds and highlights the need for underprivileged children's education. It's a film based on former Indian president A.P.J. Abdul Kalam and is aimed at inspiring the poor to educate their children.

সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই করে মানুষের আত্মশক্তির জয়ের গল্প এই সিনেমা, যা বঞ্চিত শিশুদের শিক্ষার প্রয়োজনীয়তার কথা বলে। ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি এ.পি.জে. আব্দুল কালামের জীবনভিত্তিক এই ছবির উদ্দেশ্য দরিদ্র মানুষদের উৎসাহ দান, যাতে সন্তানদের শিক্ষিত করে তোলা যায়।

## CLOSING FILM





**Gattu,** India, Hindi 2011, 90 mins
**Director: Rajan Khosa**
**Producer:** Children's Film Society, India
**Script:** Ankur Tewari, K.D. Satyam, Rajan Khosa.
**Camera:** Satya Rai Nagpaul.
**Editor:** Antara Lahiri.
**Cast:** Mohammad Samad, Naresh Kumar.

In a nation that is obsessed with flying kites, the story is set in a small town Roorkee, Uttarakhand, India, where a nine-year-old orphan, Gattu works in his uncle's business. The blue skies above the town is dominated by a kite named 'Kali' with mysterious origins. Out of the many kids who dream to defeat Kali, Gattu is more determined. He does fail on number of occasions but one fine day, his will find a way. He discovers a local school having a roof that renders him some strategic advantage. Impersonating as a student, he sneaks into the school and must now pretend to study. The only problem  he can't read or write! The little street urchin takes up the challenge as when the desire is strong, dreams aren't impossible.

ঘুড়ির নেশায় পাগল এক ছোট শহর রুরকীর ন'বছরের অনাথ গাট্টু, কাজ করে তার কাকার কাছে। শহরের আকাশে সেরা ঘুড়ি 'কালী', তাকে কেউ কাটতে পারে না। আরো অনেকের মত গাট্টুরও স্বপ্ন কালীকে জেতার। সে দেখে স্কুলের ছাদ থেকে ঘুড়ি ওড়ালে সুবিধে পাওয়া যেতে পারে। ছাত্র সেজেসে ঢুকে পড়ে স্কুলে, কিন্তু ঢুকলেই তো হল না, পড়াশোনার ভানও তো করতে হবে। এদিকে সে তো লিখতে পড়তে জানে না মোটেই। কিন্তু ইচ্ছের জোর থাকলে কি না হয়, স্বপ্ন বন্দী হয় হাতের মুঠোয়।

**World Sales:** Children's Film Society, India.

## TRIBUTE

# UPENDRAKISHORE RAYCHOWDHURY

## 150th Birth Anniversary



Childhood has an extended effect on our life. It has that unfailing power to provide us with the elixir of life to go ahead throughout our lifespan. Many have expressed about this power of childhood in words, colours and music. But there are few who have used all these mediums together to portray the eternal childhood lying dormant in our minds. Upendrakishore Raychowdhuty is one of those, whom Rabindranath rightly described as the 'Bhagirath of children's literature', who have unleashed the flow of children's literature in Bengali.

He was born to Kalinath Chowdhury and Joytara Devi, in the family of renowned Zaminders of Mashua, a village in the Mymensingh district of present Bangladesh, on 10th of May, 1863. His father Kalinath alias Shyamsunder Munsi was an expert in Sanskrit, Arabic and Persian languages. Upendrakishore was born third among the eight children of their parents. His original name was Kamadaranjan. He was adopted by his uncle Harikishore Roy at the age of five, who named him Upendrakishore.

He was exceptionally talented from the very childhood. He did well in examinations though he was more interested in drawing, painting and music. He passed the Entrance examinations with scholarship from Maimonsingh district School in 1880, was admitted to Presidency College and finally obtained B.A. degree from Metropolitan Institute in 1884.

After graduation he was attracted to the liberal Brahmo religion, met Rabindranath Tagore's father, Maharshi Debendra Nath and joined Brahmo Samaj. He married Bidhumukhi, daughter of Dwarakanath Gangopadhaya, who was a leader of the Samaj.

He started writing for children while he was a student and was first published in the magazine 'Sakha'. He was the pioneer to apply modern technology of engraving and colour printing. At that time it was very new even in the west. He founded 'U Ray and Sons Company', the finest printing press in South Asia in 1913 and started publishing 'Sandesh', the first children's magazine in India, which is still alive. He started writing and publishing books for children with attractive pictures and content in splendid prints.

His books 'Tuntunir Boi', 'Gupi Gayen Bagha Bayen', 'Cheleder Ramayan', Cheleder Mahabharat', 'Pouranik Kahini', 'Sekaler Katha', 'Akasher Katha' etc., written with rare fluency and lucidity are still most popular reads. These books are also illustrated by him.




He has also left his own mark in painting, 'Balaramer Dehatyag' is one of his famous paintings. He was a violinist and a composer himself and published articles on music in the magazines 'Sadhana' and 'Prabasi'.

He passed away untimely on 20th December, 1915 at the age of fifty two. But his legacy was survived by his sons and daughters. Sukumar Ray, Sukhalata Rao, Subinay Ray and Punyalata Chakraborty, four among his six sons and daughters are immaortal in the history of Bengali Childrens' literature.

জীবন হল এক প্রসারিত শৈশব। শৈশব হল সেই অনুভূতি যা একজন মানুষকে জুগিয়ে চলে জীবনপথে এগিয়ে চলার নিরন্তর রসদ, আর এই শৈশবের অমোঘ সঞ্জীবনী মমতার কথা কেউ কেউ প্রকাশ করেছেন অক্ষরে, কেউ সুরে কেউ বা রং-এ। আবার এমন কোনো বিরল প্রতিভাশালীকেও পাওয়া যায় যিনি একইসঙ্গে অক্ষরে, সুরে, রং-এ ফুটিয়ে তুলেছেন মানবমনের কোনো লুকিয়ে থাকা শাশ্বত শৈশবকে। স্বয়ং রবীন্দ্রনাথ তাঁকে বলেছিলেন 'শিশুসাহিত্যের ভগীরথ'। তিনি উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।

১৮৬৩ খৃষ্টাব্দের ১০ মে বর্তমান বাংলাদেশের অন্তর্গত ময়মনসিংহ জেলার মসূয়া গ্রামে এক প্রখ্যাত জমিদার বংশে তাঁর জন্ম। পিতা কালীনাথ চৌধুরী ওরফে শ্যামসুন্দর মুন্সী ছিলেন সুপরিচিত ও শাস্ত্রজ্ঞ, মা জয়তারা দেবী। কালীনাথ চৌধুরী এবং জয়তারা দেবীর আট সন্তানের মধ্যে তৃতীয় হলেন উপেন্দ্রকিশোর, যার প্রকৃত নাম কামদারঞ্জন। কামদারঞ্জনের পাঁচ বছর বয়সে তাঁকে দত্তক নেন তাঁরই এক পিতৃব্য হরিকিশোর রায়, তিনিই নাম রাখেন উপেন্দ্রকিশোর।




শিশু বয়স থেকেই অসামান্য প্রতিভাধর বালক উপেন্দ্র। স্কুলের পড়ার চেয়েও গান বাজনা আর ছবি আঁকায় তার বেশি আগ্রহ কিন্তু তা সত্ত্বেও পরীক্ষার ফল বরাবরই ভালো ১৮৮০ সালে ময়মনসিংহ জেলা স্কুল থেকে বৃত্তি সহ প্রবেশিকা পাশ করে প্রথমে প্রেসিডেন্সি কলেজ ও পরে ১৮৮৪ সালে মেট্রোপলিটন ইনস্টিটিউট থেকে বি.এ. পাশ করেন। বি.এ. পাশ করার পরই উদার ব্রাহ্মধর্মের প্রতি আকর্ষণ থেকে তিনি যোগ দেন ব্রাহ্মসমাজে, আলাপ হয় রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে। ব্রাহ্মনেতা দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়ের কন্যা বিধুমুখীকে বিবাহ করেন।

ছাত্রজীবন থেকেই তিনি অনুভব করেন শিশুদের জন্য নতুন কিছু সৃষ্টি করা জরুরি। 'সখা' পত্রিকায় প্রথম ছোটোদের জন্য লিখলেন। এরপর একে একে প্রকাশিত হল অসামান্য সাবলীল ভাষায় লেখা তাঁর বই ছেলেদের রামায়ণ, ছেলেদের মহাভারত, পৌরাণিক কাহিনী, টুনটুনির বই, সেকালের কথা প্রভৃতি। শিশুদের মনজয়ী এই সমস্ত বই সময়ের সীমা অতিক্রম করে আজও সমান জনপ্রিয়।

আধুনিক ছাপাখানার বৈদেশিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে তিনিই প্রথম বাংলার বুকে প্রেস খুললেন 'ইউ রায় অ্যান্ড সন্স কোম্পানী', সাল ১৮৯৫। এই প্রেস থেকে প্রকশিত হতে লাগল ঝকঝকে ছাপা, আকর্ষণীয় ছবি আর কথায় ছোটোদের সব বই।

সাহিত্যের পাশাপাশি সঙ্গীত রচনা ও বাদ্যযন্ত্রেও তাঁর ছিল অসামান্য দক্ষতা। সাধনা ও প্রবাসী পত্রিকায় সঙ্গীত বিষয়ক তাঁর বিভিন্ন প্রবন্ধ প্রকাশিত হয়। চিত্রশিল্পেও তিনি রেখেছেন সামান্যতার ছাপ, তাঁর অন্যতম বিখ্যাত ছবি 'বলরামের দেহত্যাগ'।

তাঁর ছয় সন্তানের মধ্যে সুকুমার রায়, সুবিনয় রায়, সুখলতা রাও, পুণ্যলতা চক্রবর্তী শিশু সাহিত্যের জগতে কিংবদন্তী তুল্য।

১৯১৫ খৃ: ২০ ডিসেম্বর মাত্র বাহান্ন বছর বয়সে উপেন্দ্র কিশোর পৃথিবীর মায়া ছেড়ে চলে যান চির আনন্দের দেশে।




Goopy wants to sing and Bagha would love to play the Dhol (drum). They meet accidentally and are helped by King of Ghosts. With newly endowed abilities they land in Kingdom of Shundi where their adventure begins.

গুপি বড় গাইতে ভালোবাসে, আর বাঘা ভালোবাসে ঢোল বাজাতে। ঘটনাক্রমে তাদের দেখা হয়, ভূতের রাজার বর পায় তারা।

**Goopy Gyne Bagha Byne,** India, 1969, 132 mins
**Director:** Satyajit Ray
**Cast:** Tapen Chatterjee, Rabi Ghosh, Santosh Dutta

2nd Kolkata International Children's Film Festival

# TRIBUTE
# SUKUMAR RAY

## 125th Birth Anniversary









Sukumar Ray is the angel of freedom for the children trapped in the bondage of etiquette, rules, norms, custom and strictures. He was the first son of Upendrakishore Raychowdhury, the famous children's author and Bidhumukhi Devi, born on 30th October, 1887.

A Brilliant student from his early age, Sukumar passed the Entrance Examination from City School and obtained Bachelor in Science degree with Double Honours in Physics and Chemistry from Presidency College. An heir to Upendrakishore's legacy, his creative endeavours was dedicated to children.

He got the prestigious 'Guruprasanna Ghosh' scholarship and went to England to study photography and printing technology. While staying in England, his article 'The Spirit of Rabindra Nath', got published in 'The Quest' received acclaims. He was the first Indian to be a 'Fellow of Royal Photographic Society' (FRPS). His articles about the new methods of halftone block making developed by him were also published in journals in England.

His first poem 'Khichuri' was published in the magazine 'Sandesh' published by his father. 'Katthburo', 'Gonphchuri', 'Khuror Kol' and other famous poems of 'Abol Tabol' came out one by one and was followed by an incessant flow of poems, short stories and plays with most wonderful illustrations. He was the one who created the wonder world of nonsense in Bengali literature with his unparallel pen.

Sukumar Ray formed the Nonsense Club In 1906, when he was a student at Presidency College. The home-based club offered membership to persons with a flair for the ridiculous, practical joking acting. This flair of nonsense remained the driving force for most of his works. His uniqueness lies in blending weird associations of so called meaningless ideas combine with recognizable norms that treat the subjects with humour and good-natured satire, written in a language of the amused wakeful mind.

He became the editor of Sandesh after his father's death and under his able leadership the magazine

invoked a new age in children's literature. The last years of his short life were mostly spent in the sick bed, but that could not hinder his creative work and running of the press. Rather he created his most significant writings during this time. He departed to his own dreamland on 10th September, 1923. His first book 'Abol Tabol' was published after his death. Later, his works were published in several books such as, Pagla Dashu, Khai-Khai, Heshoram Hushiyarer Diary, HaJaBaRaLa, Jhalapala O Onanyo Natok, Lakkhaner Shoktishel, Chalachittachanchari, Shabdakalpadrum, Bohurupi, Bhasar Atyacar etc. widely popular and must reads till date.




আদব-কায়দা, রীতি-নীতি, প্রথা-প্রচার-এর চাপে হাঁসফাঁস করা ছোটোদের কাছে তিনি হলেন মুক্তিদূত। প্রখ্যাত শিশুসাহিত্যিক উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ও বিধুমুখী দেবীর প্রথম পুত্র সুকুমার রায় জন্মগ্রহণ করেন ১৮৮৭ সালের ৩০ অক্টোবর, কলকাতায়।

পড়াশোনায় বরাবর কৃতী ছিলেন। সিটি স্কুল থেকে প্রবেশিকা পাশ করে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন এবং রসায়ন ও পদার্থবিজ্ঞানে ডবল অনার্স সহ বি.এস.সি পাস করেন। প্রথাগত পড়াশোনার ফাঁকেই চলত দেশী বিদেশী সাহিত্যচর্চা। বাবা উপেন্দ্রকিশোরের সার্থক উত্তরাধিকারী সুকুমার রায়েরও ভাবনাচিন্তার জগৎটা ছিল শিশুদের জন্য নিবেদিত।

ফোটোগ্রাফি এবং প্রিন্টিং টেকনোলজিতে অসামান্য কৃতিত্বের নিদর্শনস্বরূপ কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'গুরুপ্রসন্ন ঘোষ' স্কলারশিপ লাভ করে ইংল্যান্ডে যান উচ্চতর শিক্ষার জন্য। দেশে থাকতেই রবীন্দ্রনাথের সাহিত্যের সঙ্গে তাঁর পরিচিতি ঘটে, সেই ভালোলাগা নিয়ে 'কোয়েস্ট' পত্রিকায় 'দ্য স্পিরিট অফ রবীন্দ্রনাথ' নামে প্রবন্ধ লিখে সাড়া ফেলে দেন। তিনিই প্রথম ভারতীয় - F.R.P.S. (Fellow of Royal Photographic Society) দেশে ফিরে তাঁর বিবাহ হয় সুপ্রভা গুপ্তর সঙ্গে।

পিতা উপেন্দ্রকিশোরের স্থাপন করা সন্দেশ পত্রিকায় প্রথম লিখলেন 'খিচুড়ি' (১৯১৪)। এরপর নিয়মিত প্রকাশ পেতে লাগল কাঠবুড়ো, গোঁফচুরি, খুড়োর কল প্রভৃতি শিশুচিত্তজয়ী ছড়া, সঙ্গে অনবদ্য সব ছবি। সুকুমার রায়-এর অন্যতম শ্রেষ্ঠ অবদান 'ননসেন্স ক্লাব'-এর প্রতিষ্ঠা ১৮৯৬ সালে, মজার মজার সব ভাবনাচিন্তাকে সাহিত্যে রূপ দেওয়ার মধ্য দিয়ে তিনি সৃষ্টি করলেন ছোটোদের এক ভিন্ন মজার জগৎ। ১৯১৫ থেকে ১৯২৩ - এই আটবছর পিতা উপেন্দ্রকিশোরের স্বপ্নের পত্রিকা 'সন্দেশ'-এর সম্পাদনার ভার নেন। তাঁর যথোপযুক্ত সম্পাদনায় 'সন্দেশ' শিশুপত্রিকার জগতে এক নবযুগের সূচনা করে।

স্বল্পায়ু এই মহান স্রষ্টার জীবনের শেষ কয়েকটা বছর রোগশয্যাতেই কাটে, কিন্তু তা সত্ত্বেও তাঁর লেখা বা ছাপার কাজও ছবি সংক্রান্ত কাজ থেমে থাকেনি। বরঞ্চ জীবনের শেষ পর্বে তিনি তাঁর মহত্তম কাজগুলো করেন। নিজের জীবদ্দশায় তিনি তাঁর বই দেখে যেতে পারেন নি, ১৯২৩ সালে তাঁর প্রথম বই আবোল-তাবোল প্রকাশিত হয়।

১৯২৩ সালের ১০ সেপ্টেম্বর তিনি পাড়ি দেন স্বপ্নলোকে।



2nd Kolkata International Children's Film Festival

# 75 YEARS CELEBRATION
# ALIBABA 1937



Alibaba, directed by Madhu Bose, based on the play written by Khirod Prasad Vidyabinod, was released on 13th February, 1937. Bibhuti Ganguly, Sadhana Basu, Suprova Mukherjee, B.P. Mehra, Kamal Biswas enacted played the roles of Alibaba, marjina, Fatima, Hussain and Kasim respectively. Madhu Bose himself enacted in the role of Abdalla. Shri Bharatlakshmi Pictures produced the film.

ক্ষীরোদ প্রসাদ বিদ্যাবিনোদ রচিত গীতিনাট্য অবলম্বনে মধু বসু পরিচালতি 'আলিবাবা' ১৯৩৭ সালের ১৩ ফেব্রুয়ারী মুক্তিলাভ করে। আলিবাবা, মর্জিনা, ফতিমা, হুসেন, কাসিম-এর ভূমিকায় অভিনয় করেছিলেন যথাক্রমে, বিভূতি গঙ্গোপাধ্যায়, সাধনা বসু, সুপ্রভা মুখার্জী, বি.পি মেহেরা, কমল বিশ্বাস। আবদাল্লা চরিত্রে অভিনয় করেছিলেন পরিচালক মধু বসু স্বয়ং। ছবিটির প্রযোজনার দায়িত্বে ছিল শ্রীভারতলক্ষ্মী পিকচার্স।

2nd Kolkata International Children's Film Festival

ভোম্বোল সর্দার

## LITERATURE & CINEMA
# KHAGENDRANATH MITRA



Khagendranath Mitra, a pioneer of Bengali Children's' literature was born in the famous Mitra family, resident of Nilmani Mitra Street, Kolkata on 2nd January, 1996. His father was Sailendranath Mitra. He was attracted to the patriotic movement while studying in school, became a follower of Bagha Jatin and joined in the revolutionary struggle. Later he left college to participate in the non-cooperation movement abiding with the call of Gandhiji. Finally he graduated from the Jatiya Vidyalaya established by Desh Bandhu Chittaranjan. Khagendranath was imprisoned many times for the sake of the nationalist movement.

He had a deep involvement with children's literature from the beginning. He left a job with Railways in the beginning of his career to dedicate himself to writing. He joined the magazine 'Banshori' and also started contributing articles regularly in the magazines such as Bharatbarsha, Prabasi, Panchapushpo etc. His first full-size writing was 'Africar Jangole'. He wrote many popular books, namely, Bhombol Sardar, Bagdi Dakat, Patal Purir Kahini, Otiter Prithibi, Abishkarer Kahini etc. Bhombol Sardar had been translated in Hindi in Russian Languages. He received Bhubaneshwari Award from Kolkata University and Mouchak Sahitya Puraskar.

He was the editor of the 'Dainik Kishhore Patrika' and many other children's magazines such as 'Natun Manus, Chotoder Mahal, Manikmala, Barshik Shishusathi emerged popular under his able leadership. One of his memorable work is publishing the collection 'Shabadir Shishusahitya 1818 1960'.

He was awarded the National Award in children's literature in 1975, but declined it over a dispute regarding the award money. He passed away on 12th February of 1978.




শিশুসাহিত্যের যুগদিশারী খগেন্দ্রনাথ মিত্র ১৮৯৬ সালের ২ জানুয়ারি কলকাতার নীলমণি মিত্র স্ট্রিটে বিখ্যাত মিত্র বংশে জন্মগ্রহণ করেন। পিতা শৈলেন্দ্রনাথ দত্ত, ছাত্রজীবনেই দেশাত্মবোধে উজ্জীবিত হন, বাঘা যতীনের অনুগামী হয়ে বিপ্লবী আদোলনে যোগ দেন। গান্ধীজীর অসহযোগ আদোলনে যোগ দিতে কলেজ ছেড়ে চলে আসেন এবং পরবর্তী সময়ে ১৯২০ সালে দেশবন্ধু চিত্তরঞ্জন স্থাপিত জাতীয় বিদ্যালয় থেকে স্নাতক হন। জাতীয় আদোলনে যুক্ত থেকে বিভিন্ন সময়ে কারাবরণ করেন।

সাহিত্য, বিশেষত: শিশু সাহিত্যের প্রতি ছিল তীব্র অনুরাগ। সাহিত্য সৃষ্টির তাগিদ থেকে প্রথম জীবনে পাওয়া রেলের চাকরি ছেড়ে দেন। যুক্ত হন বাঁশরী পত্রিকার সঙ্গে। এছাড়াও ভারতবর্ষ, প্রভাসী, পঞ্চপুষ্প প্রভৃতি পত্রিকায় নিয়মিত লিখতে থাকেন। তাঁর প্রথম বড়ো রচনা ঐআফ্রিকার জঙ্গলেঐ, এছাড়াও ভোম্বল সর্দার, বাগদি ডাকাত, পাতালপুরীর কাহিনী, অতীতের পৃথিবী, আবিষ্কারের কাহিনী – প্রভৃতি বহু বই রচনা করেন। ঐভোম্বল সর্দারঐ হিদী ও রুশ ভাষায় অনূদিত হয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঐভুবনেশ্বরী পদকঐ ছাড়াও তিনি পান ঐমৌচাক সাহিত্য পুরস্কার।

১৯৪৮ খৃষ্টাব্দে দৈনিক কিশোর পত্রিকার তিনিই ছিলেন রূপকার সম্পাদক। এছাড়াও ঐনতুন মানুষঐ, ছোটদের মহলঐ, ঐমানিকমালাঐ, ঐবার্ষিক শিশুসাথীঐ প্রভৃতি পত্রিকাও তাঁর সম্পাদনাগুলি হয়ে ওঠে জনপ্রিয়। তাঁর অন্যতম স্মরণীয় কীর্তি ঐশতাব্দীর শিশুসাহিত্য ১৮১৮ - ১৯৬০ঐ।

১৯৭৫ খৃষ্টাব্দে শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারের সম্মানিত হলেও পুরস্কারের অর্থমূল্য নিয়ে সমস্যা তৈরি হলে প্রতিবাদ স্বরূপ তিনি তা ফিরিয়ে দেন। ১৯৭৮ খৃষ্টাব্দে ১২ ফেব্রুয়ারি তিনি প্রয়াত হন।







**Bhombal Sardar**
India, 1988, 80 mins
**Director: Nripen Ganguli**
**Story:** Khagendranath Mitra
**Cinematography:** Soumendu Roy
**Cast:** Haradhan Bandopadhyay, Nilanjan Bhattacharyya, Kamu Mukhuerjee, Poornima Devi, Menoka Devi, Ramesh Mukherjee, Asok Mitra, Aroop Roy

2nd Kolkata International Children's Film Festival

# NATIONAL BEST



**Baaja**
2002, 80 mins, Children's Film Society of India
**Director: A.K.Bir**
**Cast:** Ram Avna, Yakub Shaikhl, Roni Bhatt

Shibu is a carefree and compassionate eleven-year-old boy. His widow mother sends him to the city from the village, with his uncle. But Shibu's carefree approach to life make him a subject of annoyance to the neighbour as well as his own aunt. This forces his uncle to be strict with him and he takes him along to his shoe shop. Being asked by the Uncle to carry a pair of shoes to a doctor's residence, Shibu ventures across the streets and lanes in his casual and carefree manner. Something very sudden and unpredictable happens, which invites him to show his real merit, to surprise the adults, affected by indifferent attitude.

শিবু দরদীমনের আপনভোলা ছেলে। তার বিধবা মা তাকে শহরে পাঠায় মামার বাড়ি। কিন্তু শিবুর আপনভোলা স্বভাবের কারণে তার প্রতিবেশিরা এবং মামী তার ওপরে চটা। কাজেই তার মামা কড়া নজর রাখার জন্য তাকে রোজ নিয়ে যায় নিজের জুতোর দোকানে। মামা এক ডাক্তারের বাড়িতে জুতো পৌঁছতে পাঠালে, শিবু যথারীতি পথে পথে ঘুরতে ঘুরতে চলে। হঠাৎ এক অভাবিত ঘটনা ঘটে, যার ফলে শিবুর বোধের পরিচয় পাওয়া যায়। অবাক হয়ে যায় সবাই।






**Tora**
2003, 63 mins, Children's Film Society of India
**Director: Jahnu Barua**
**Cast:** Mrigakshi, Anup Hazarika, Indrani Chetia

The film centred around two neighboring families in a village in Assam. The two families share a very amicable relation. Tora is a seven year old girl with her parents Purna (father) and Jonaki (mother). Naba and Daba are two brothers of the other family with their ailing bedridden mother. One day a dispute arises over a piece of land. Whilst the adults quarrel, Tora's voice is the only significant factor that can resolve the matter. National Award as Best Children's Film.

আসামের এক গ্রামের দুই প্রতিবেশী পরিবারের গল্প, যাদের মধ্যে ভারি সদ্ভাব। এরমধ্যে একটি পরিবারের মেয়ে তোরা। অন্য পরিবারে আছে দুই ভাই যারা তাদের অসুস্থ মায়ের সঙ্গে থাকে। হঠাৎই জমির মালিকানা নিয়ে ঝগড়া বাধে দুই পরিবারে। বড়রা ঝগড়ায় ব্যস্ত, তোরাই একমাত্র পারে সমস্যা মেটাতে।




**Chutkan Ki Mahabharat**
2005, 87 mins
Children's Film Society of India
**Director: S. Meshram**
**Cast:** Aditi Deshpande, Mukesh Ahuja, A. Athale Sameer Sharma

Chutkan lives with the family of his uncle who make him do all their work. His only escape is his imagination. Things go horribly wrong when Chutkan begins altering reality through his dreams. He changes the Mahabharata and the warring Kauravas and Pandavas now become friends. The drama folks bound by the spell of his dreams, are unable to recite their original lines. Chutkan then changes his bullying cousin into a donkey and few aggressive villagers into geese. When an exorcist is called to cure him, he dreams up the Pandavas to rescue him. They declare that the only Mahabharat that will be performed henceforth would be Chutkan's Mahabharat. National Award as Best Children's Film.

ছুটকান তার আত্মীয়ের বাড়িতে থাকে, যারা তাকে খাটিয়ে মারে। তার একমাত্র মুক্তি নিজের কল্পনার জগতে। সবকিছুই গোলমাল হয়ে যায় যখন ছুটকান নিজের কল্পনা দিয়ে বাস্তবকে বদলে ফেলতে থাকে। মহাভারতকে সে এমনভাবে পাল্টে দেয়, যে কৌরবে পান্ডবে গলাগলিভাব। তার স্বপ্নের মায়ায় আটকে নাটকের দলের লোকরা মূল সংলাপ সব ভুলে যায়। সে তার গুন্ডা ভাইকে গাধা আর ঝগড়ুটে গ্রামবাসীদের রাজহাঁস বানিয়ে দেয়। ছুটকানের ভূত ছাড়াতে ওঝা ডাকা হয়, আর ছুটকানের ডাকে তাকে বাঁচাতে চলে আসে পান্ডবেরা। তারা বলে, এখন থেকে ছুটকানের মহাভারতই হবে আসল মহাভারত।

**C/o Footpath**
2006, 135 mins
**Director: K. Shrikanth**
**Cast:** Master Kishan, Jackie Shroff, Saurabh Shukla

An orphan slum boy is adopted by an old lady who finds him on a footpath. He lives with her in the slums, where he makes a living picking up rags. Some school students call him an uneducated brute, which gives him the impetus to get educated battling all odds.

ফুটপাথে কুড়িয়ে পাওয়া এক অনাথ ছেলেকে পালন করেন বস্তির এক বৃদ্ধা। ছেলেটি ছেঁড়া ন্যাকড়া আর কাগজ কুড়িয়ে জীবিকা নির্বাহ করে। স্কুলের কিছু ছাত্র তাকে অশিক্ষিত জানোয়ার বলে গাল দেয়। সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে দাঁড়িয়ে ছেলেটি পড়াশুনো শুরু করে।






**Foto**
2007, 80 mins, Children's Film Society of India
**Director: V. Saini**
**Cast:** Naseeruddin Shah, Sameer Gupta, Shreya Jha

Eleven year old Foto has a strong imagination and lives in his own world of fantasy. Other kids consider him strange since he does not interact with them. One day, a film unit comes to his hilly town to shoot. Foto is mesmerized to see the magicians create rain and lightening, image and colour, and sound and music at their will. It is as if his fantasy is the reality of these magicians. But will he be able to reconcile his world of imagination with this real fantasy?

কল্পনাপ্রবণ ফোতো আপনমনে দিন কাটায়। অন্য ছেলেরা তাকে অদ্ভুত ভাবে, কারণ সে তাদের সঙ্গে মেশে না। একদিন তাদের পাহাড়ি শহরে শ্যুটিং করতে আসে এক ফিল্ম ইউনিট। ফোতো দেখে একদল জাদুকর নিজেদের ইচ্ছে মত তৈরী করছে বৃষ্টি আর বিদ্যুত, ছবি আর রং, শব্দ আর গান। সে তার কল্পনাকে মিলিয়ে নিতে পারবে এই অপূর্ব-বাস্তবতার সঙ্গে ?



**Puttani Party**
2009, 75 mins, Children's Film Society of India
**Director: Ramchandra PN**
**Cast:** Rajnita Jadhav, Sharat Anchatgiri, Gurudutta Joshi

A gram panchayat in rural India, encourages and facilitates the functioning of a kids body elected by children themselves. These kids, unbound by the baggage of personal gains, work with diligence, acting as a pressure group to inspire the adults governing body to react and improve upon socially relevant issues. Many adults try to influence them for their own personal benefits. But guided by a sympathetic and honest school teacher the children fight back with integrity and persistence.

এক গ্রাম পঞ্চায়েতে ঠিক হয় ছোটরা নিজেরা নিজেদের এক সমিতি গঠন করবে। সমিতিতে নির্বাচিত সদস্যরা মনপ্রাণ ঢেলে কাজ করে নিঃস্বার্থভাবে। আর বড়দের ওপরে চাপ সৃষ্টি করে যাতে তারাও সামাজিক কল্যাণের জন্য কাজ করে। বড়রা অনেকে ব্যক্তিগত স্বার্থের জন্য তাদের ওপরে প্রভাব খাটাতে চেষ্টা করে। কিন্তু ছোটরা তাদের শিক্ষকের অনুপ্রেরণায় ধৈর্য ধরে কাজ করে চলে।



**Keshu**
2010, 95 mins
Children's Film Society of India
**Director: Shivan**
**Cast:** Navneet Krishnan, Priyanka Nair

Keshu is a deaf non-speaking boy who lost his mother when he was born. He is raised by his maternal uncle and wife. Being mischievous, there are many complaints against Keshu by the villagers. His uncle punishes him, but to no avail. A drawing teacher transferred to that village starts living with the family. Keshu does not spare her from his mischief, but she likes Keshu. He reciprocates the affection shown to him and his behavior changes. She encourages him to take up drawing and convinces his uncle to enroll him in a special school. Keshu wins an international award for his painting and becomes the darling of the whole village. But the teacher has to leave the village to get married. Keshu remains sad and desperate for her return for days, but eventually realises that she will not come back. He goes back to his world of colours and drawings.

মূক ও বধির কেশু জন্মের সময়ই মাকে হারায়। বড় হয় মামা-মামীর কাছে। পাড়াশুদ্ধ লোক কেশুর দুষ্টুমির জ্বালায় অতিষ্ঠ। মামা প্রায়ই শাস্তি দেন, কিন্তু তাতে কোন লাভই হয় না। এমন সময় তাদের বাড়িতে থাকতে আসেন আঁকার দিদিমণি। কেশু তার উপরেও নানান উৎপাত করে। কিন্তু দিদিমণি কেশুকে খুবই ভালবাসেন। আস্তে আস্তে কেশুরও ব্যবহারে পরিবর্তন হয়। দিদিমণি কেশুকে আঁকতে শেখান। আর মামাকে বলে বিশেষ বাচ্চাদের এক স্কুলে ভর্তি করে দেন তাকে। কেশু তার ছবির জন্য আন্তর্জাতিক পুরস্কার পায়, গ্রামে ধন্যি পড়ে যায়। কিন্তু দিদিমণি গ্রাম ছেড়ে চলে যান বিয়ে করতে। মনমরা কেশু অনেকদিন দিদিমণির জন্য ব্যর্থ অপেক্ষায় থেকে ফিরে যায় তার ছবি আর রঙের জগতে।




**Chillar Party**
2011, 130 mins
**Director: V. Bahl, N.Tiwari**
**Cast:** Irfan Khan, Sanath Menon, Rohan Grover Naman Jain

Fatka gets appointed for washing cars at Mumbai's Chandan Nagar residential complex. He has a stray dog, Bhidu. There is no accommodation provided for this homeless orphan, and he and his pet decide to make an abandoned antique car their new home. There is some resentment from the children of the building, but Fatka gets accepted in the cricket team after he demonstrates his bowling capabilities. A chance visit by a politician results in enforcement of new municipal legislation to capture all stray dogs, and the children decide to oppose it and there is much trouble.

মুম্বই-এর চন্দননগর আবাসনে ফাটকা গাড়ি ধোয়ার কাজ পায়। তার সঙ্গে আসে পোষা নেড়ি বিরু। যেহেতু ওদের কোন থাকার জায়গা নেই, তাই ওরা একটা পুরনো গাড়িতে থাকতে শুরু করে। প্রথমে ওদের সম্পর্কে সন্দিহান ছিল আবাসনের বাচ্চাদের দল "চিল্লার পার্টি," কিন্তু ভাল বল করতে পারে বলে ফাটকাকে তারা ক্রিকেট টিমে নেয়। হঠাৎ আবাসনে উপস্থিত হয় এক রাজনীতিক, আর তার ফলে হঠাৎই আইন হয় যে সব নেড়িকে ধরতে হবে। বাচ্চারা কিন্তু বিরুকে বাঁচাতে বদ্ধপরিকর।

2nd Kolkata International Children's Film Festival

## RETROSPECTIVE
## FELUDA & Co.



## FELUDA & Co.




**Joybaba Felunath**
India, 1979
112 mins
**Director: Satyajit Ray**

The first story 'Feludar Goendagiri' was published in the Sandesh magazine in 1965. It was written in a carefree style. At that time Feluda was a detective by passion, it was his hobby. Feluda became more serious in 1966-67, in the stories 'Badshahi Aangti' and 'Kailas Chowdhuryr Pathor'. He won the hearts of children from the very beginning. Topse was there as his companion from the first story. Later Jatayu, a popular thriller writer, joined him. Feluda and Co. comprising of three different characters belonging to three different age groups is unparallel in Indian and even in world literature. Satyajit Ray created Feluda as an ordinary young man who is a Bengali to his very core. This Bengali characterization of the detective is unique feature of Feluda. Feluda was made alive in films by his creator Satyajit Ray and later by Sandip Ray.




**Baksho Rahoshya**
India, 1996
197 mins
**Director: Sandip Ray**




**Bombaier Bombete**
India, 2003
100 mins
**Director: Sandip Ray**




**Sonar Kella**
India, 1974
35 mm, 120 mins
**Director: Satyajit Ray**




**Tintorettor Jishu**
India, 2008, 100 mins
**Director: Sandip Ray**

প্রথম গল্প 'ফেলুদার গোয়েন্দাগিরি' প্রকাশ পেয়েছিল 'সন্দেশ' পত্রিকায় ১৯৬৫ সালে। একটু হাল্কা টানে লেখা। ফেলুদার গোয়েন্দাগিরিটা তখন শখের। ১৯৬৬-৬৭-তে 'বাদশাহী আংটি'। ফেলুদা তখন অনেকটা সিরিয়াস। ১৯৬৭-তে কৈলাস চৌধুরীর পাথর'। প্রথম থেকেই ফেলুদা ছোটদের প্রিয়। প্রথমে ফেলুদা আর তোপসে, পরে তাঁদের সঙ্গে যোগ দিয়েছেন জনপ্রিয় রহস্য-কাহিনির লেখক জটায়ু। তিন বয়সের, ভিন্ন ভিন্ন চরিত্র মিলে 'ফেলুদা অ্যান্ড কোং'-এর মত ত্রিরত্ন ভূভারতে তো নয়ই, গোটা বিশ্বে মেলে কদাচিৎ। ফেলুদাকে সহজ-সরল স্বাভাবিক একজন চেনা বাঙালী যুবকের মত করেই তৈরী করেছিলেন সত্যজিৎ রায়। গোয়েন্দার এই সম্পূর্ণ বাঙালীকরণ, এই চরিত্রটির অন্যতম বৈশিষ্ট। এই ফেলুদাই সত্যজিৎ রায় ও পরে সন্দীপ রায়ের হাত চলচ্চিত্রে প্রাণ পেয়েছে।



**Kailashe Kelenkari**
India, 2007, 121 mins
**Director: Sandip Ray**



**Royal Bengal Rahasya**
India, 2011, 107 mins
**Director: Sandip Ray**



**Gorosthane Sabdhan**
India, 2010, 90 mins,
**Director: Sandip Ray**

## FELUDA ON TV

**Ambar Sen Antardhan Rahasya**
Dir: Sandip Ray
Pro: Subho Raj Arts
Sto: Satyajit Ray
Cast: Soumitra Chattopadhyay, Sabyasachi, Saswata, Bibhu, Tapas Pal

**Gurghutiar Ghotona**
Dir: Sandip Ray
Pro: Subho Raj Arts
Sto: Satyajit Ray
Sabyasachi, Saswata, kharaj, Amar Ganguli, Nimai Ghosh

**Golapi Muktar Rahasya**
Dir: Sandip Ray
Pro: Subho Raj Arts
Sto: Satyajit Ray
Sabyasachi, Saswata, BIbhu, Mohan Agase

**Jahangirer Swarna Mudra**
Dir: Sandip Ray
Pro: Subho Raj Arts
Sto: Satyajit Ray
Sabyasachi, Saswata, Bibhu, Ranjit Mullik, Subhasis

2nd Kolkata International Children's Film Festival


HOMAGE
WALT DISNEY

Walter Elias Disney, famed as Walt Disney in short, was born in Chikago, in the year 1901. He left studies at the age of seventeen and took a job as the driver of an ambulance during the 1st World War. After the war was over, he got trained as an apprentice in commercial art. He came to Hollywood with his elder brother Roy. 'Alice in Cartoonland' was the first animation film made and produced by him. The first full-length film 'Snow White and the Seven Dwarfs' is one of the most outstanding creations in the history of Children's films. His other memorable works include the series of films on Mickey mouse, Donald Duck, Silly Simphony cartoons etc. He created the Disneyland in California in 1955. Disney passed away in 1966.





ওয়াল্টার এলিয়াস ডিজনি সংক্ষেপে ওয়াল্ট ডিজনি নামেই বিখ্যাত। জন্ম ১৯০১ সালে শিকাগোতে। সতেরো বছর বয়সে লেখাপড়া ছেড়ে প্রথম বিশ্বযুদ্ধে অ্যাম্বুলেন্সের ড্রাইভার হিসেবে চাকরী করেন। যুদ্ধ শেষে কমার্শিয়াল আর্টিস্টের শিক্ষানবীশ হিসেবে বিজ্ঞাপন চিত্র আঁকার ট্রেনিং নেন। ১৯২৩ সাল নাগাদ বড় ভাই রয় ডিজনি এবং চিত্রশিল্পী বন্ধু ইউব ওয়ার্কসকে নিয়ে হলিউডে হাজির হন। ডিজনি পরিকল্পিত এবং প্রযোজিত প্রথম আনিমেটেড ছবি 'অ্যালিস ইন কার্টুনল্যান্ড'। প্রথম সবাক পূর্ণ দৈর্ঘ্যের ছবি 'স্নো হোয়াইট অ্যান্ড দি সেভেন ডোয়ার্ফস' শিশু চলচ্চিত্রের ইতিহাসে এক অবিস্মরণীয় সৃষ্টি। মিকি মাউস, ডোনাল্ড ডাক সিলি সিম্পনী সিরিজের ছবিগুলি তাঁর অসাধারণ নির্মাণ। ১৯৫৫ সালে ক্যালিফোর্নিয়াতে ডিজনিল্যান্ড তৈরী করেন তিনি। ১৯৬৬ সালে প্রয়াত হন ওয়াল্ট ডিজনি।






**Snow White and the Seven Dwarfs (1937)**
**Directors: William Cottrell, David Hand**
**Writers:** Ted Sears (story), Richard Creedon (story)
**Stars:** Adriana Caselotti, Harry Stockwell and Lucille La Verne

The first and by far most memorable full-length animated feature from the Disney Studios, "Snow White and the Seven Dwarfs" may have been superseded technically by many of the films that followed it. But its simple story of a charming little princess saved from the evil deeds of her wicked step-mother, the queen, by a group of seven adorable dwarfs made history when it was first released in December, 1937 and has since become an incomparable screen classic.

ডিজ্‌নি স্টুডিও'র প্রথম অ্যানিমেটেড সম্পূর্ণ দৈর্ঘ্যের কাহিনীচিত্র। স্নো-হোয়াইটের সরল রূপকথা এখনও সমান চিত্তজয়ী। যেখানে সাত ভাল বামনবুড়ো স্নো-হোয়াইটকে বাঁচায় দুষ্টু সৎমার ষড়যন্ত্র থেকে।




**Peter Pan (1953)**
**Directors: Clyde Geronimi, Wilfred Jackson**
**Writers:** J.M. Barrie (play), Ted Sears (story)
**Stars:** Bobby Driscoll, Kathryn Beaumont and Hans Conried

An adaptation of J. M. Barrie's story about a boy who never grew up. The three children of the Darling family receive a visit from Peter Pan, who takes them to Never Land, where an ongoing war between Peter's gang of rag-tag runaways and the evil Pirate Captain Hook is taking place.

এ হল সেই বাচ্চার গল্প যে কখনো বড় হয়না। পিটার প্যান দেখা করতে আসে ডার্লিং পরিবারের তিন ভাইবোনের সঙ্গে, তাদের নিয়ে যায় নেভারল্যান্ডে। যেখানে দস্যু হুকের সঙ্গে পিটারের ঘরপালানো দলবলের জমজমাট লড়াই চলছে।




**Cinderella (1950)**
**Directors: Clyde Geronimi, Wilfred Jackson**
**Writers:** Bill Peet (story), Erdman Penner (story)
**Stars:** Ilene Woods, James MacDonald and Eleanor Audley

In a far away, long ago kingdom, Cinderella is living happily with her mother and father until her mother dies. Cinderella's father remarries a cold, cruel woman who has two daughters, Drizella and Anastasia. When the father dies, Cinderella's wicked stepmother turns her into a virtual servant in her own house. Meanwhile, across town in the castle, the King determines that his son the Prince should find a suitable bride. So the King invites every eligible maiden in the kingdom to a fancy dress ball, where his son will be able to choose his bride. Cinderella has no suitable party dress for a ball, but her friends the mice, led by Jaques and Gus, and the birds lend a hand in making her one, a dress the evil stepsisters immediately tear apart on the evening of the ball. At this point, enter the Fairy Godmother, the pumpkin carriage...

অনেককাল আগে সিন্ডারেলা সুখে-শান্তিতে ছিল বাবা-মায়ের সঙ্গে। কিন্তু মায়ের মৃত্যুর পর বাবা বিয়ে করলো এক নিষ্ঠুর মহিলাকে। বাবা মারা গেলে এই দুষ্টু সৎমা এবং তার মেয়েরা মিলে সিন্ডারেলাকে ঝি বানিয়ে রাখে। এদিকে রাজা ঠিক করে ছেলের বিয়ে দিতে হবে। সেই উদ্দেশ্যে এক বলনাচের আসরে নিমন্ত্রণ করে রাজ্যের সমস্ত কুমারী মেয়েদের। সিন্ডারেলার বন্ধু ইঁদুরেরা আর পাখিরা তাকে বানিয়ে দেয় চমৎকার পোষাক। যা হিংসুটে বোনেরা ছিঁড়ে ফেলে। শেষ মূহুর্তে তাকে বাঁচাতে আসে পরী-মা কুমড়োর জুড়ি গাড়ি হাঁকিয়ে।




**The Little Mermaid (1989)**
**Directors: Ron Clements**
**John Musker**
**Writers:** John Musker, Ron Clements
Ron Clements
**Stars:** Jodi Benson, Samuel E. Wright and Rene Auberjonois

Loosely based upon the story by Hans Christian Andersen. Ariel, youngest daughter of King Triton, is dissatisfied with life in the sea. She longs to be with the humans above the surface, and is often caught in arguments with her father over those "barbaric fish-eaters". She goes to meet Ursula, the Sea Witch, to strike a deal, but Ursula has bigger plans for this mermaid and her father.

হান্স অ্যান্ডারসনের রূপকথা ভিত্তিক এই সিনেমা। রাজা ট্রিটনের ছোট মেয়ে মৎসকন্যা এরিয়েল সমুদ্রের নীচে থাকতে নারাজ। সে চায় ডাঙায় মানুষের মধ্যে বাঁচতে। কিন্তু বাবা তাকে বলে মানুষ হল বর্বর মাছখেকো প্রাণী। এরিয়েল যায় জাদুকরী উর্সুলার কাছে। কিন্তু তার আবার রয়েছে অন্য এক পরিকল্পনা।




**The Jungle Book (1967)**
**Director: Wolfgang Reitherman**
**Writers:** Rudyard Kipling (inspired by the Mowgli stories), Larry Clemmons (story), Ralph Wright (story)
**Stars:** Phil Harris, Sebastian Cabot and Louis Prima

Disney animation inspired by Rudyard Kiplings "Mowgli" story. Mowgli is a boy who has been raised by wolves in the Indian jungle. When the wolves hear that the fierce tiger, Shere Kahn, is nearby, they decide to send Mowgli to a local "man tribe". On his way to the village, Mowgli meets many animal characters in this musical tale. When Shere Kahn learns of Mowgli's presence, he tracks him down.

রুডিয়ার্ড কিপলিং-এর "মোগলি"-র গল্প নিয়ে ডিজনির অ্যানিমেশন চিত্র। ভারতের জঙ্গলে নেকড়েরা পালন-পোষণ করে বড় করে 'মোগলি'কে। ভয়ংকর বাঘ শের খান আসছে শুনে নেকড়েরা মোগলিকে পাঠায় মানুষদের এক গ্রামে। পথে মোগলির দেখা হয় অন্য নানা পশুপাখির সঙ্গে।




**Sleeping Beauty (1959)**
**Director: Clyde Geronimi**
**Writers:** Erdman Penner (story), Charles Perrault (story)
**Stars:** Mary Costa, Bill Shirley and Eleanor Audley

Adaptation of the fairy tale of the same name. Princess Aurora is cursed by the evil witch Maleficent - who declares that before Aurora reaches her 16th birthday she will die by a poisoned spinning-wheel. To try to prevent this, the king places her into hiding, in the care of three good-natured - but not too bright - fairies.

দুষ্টু ডাইনি মেলফিসেন্ট অভিশাপ দেয় রাজকুমারী অরোরাকে। বলে ষোল বছর বয়স হবার ঠিক আগেই বিষ মাখানো চরকা কাটতে গিয়ে মৃত্যু হবে তার। এই অঘটন ঠেকাতে রাজা তাকে লুকিয়ে রাখে তিনজন ভালোমানুষ বোকাসোকা পরীদের কাছে।




**Mary Poppins (1964)**
**Director: Robert Stevenson**
**Writers:** Bill Walsh (screenplay), Don DaGradi (screenplay)
**Stars:** Julie Andrews, Dick Van Dyke and David Tomlinson

The movie combines a diverting story, songs, color and sequences of live action blended with the movements of animated figures. Mary Poppins is a kind of Super-nanny who flies in with her umbrella in response to the request of the Banks children and proceeds to put things right with the aid of her rather extraordinary magical powers before flying off again.

মেরী পপিনস্ উড়ন্ত ছাতায় চড়ে আসে ব্যাংকস্ পরিবারের শিশু সমস্যার সমাধানকল্পে। নিজের অসাধারণ ব্যক্তিত্বময়ী জাদুশক্তি দিয়ে সব গোলমাল সামলে আবার ছাতায় চড়ে উড়ে যায় সে।

2nd Kolkata International Children's Film Festival


FOCUS - RUSSIA




**Ilya Muromets**
Soviet Union
1956, 90 mins
**Director: Aleksandr Ptushko**

This is the tale of heroic deeds of Bogatyr Ilya Muromets, a farmer living in medieval Russia. How he gets the sword of a famous knight, defeats and captures the forest dwelling monster Nightingale the Robber and defends Kiev from the Tugars.

মধ্যযুগের রাশিয়ার চাষী বগাতীর ইলিয়া মুরমেৎসের বীরত্বের উপকথা নিয়ে এ সিনেমা। কেমন করে সে পেল এক বিখ্যাত তরবারি, বনের পথে পাকড়াল শিসে ডাকাতকে আর তুগারদের হাত থেকে রক্ষা করল কিয়েভ নগরী তাই এ সিনেমার উপজীব্য।



**An Old, Old Tale**
Staraya Staraya Skazka
Soviet Union, 1968, 100 mins
**Director: Nadezhda Kosheverova**

This story, both happy and sad, is based on the popular fairy tales by Danish writer Hans Christian Andersen. Two parallel story-lines develop in this film. At a roadside inn, the puppets play out for their master a merry, magic fairy tale about a brave soldier and a wicked princess, a witch and a kind wizard, and a fantastic city where a ridiculous and silly king lives. The puppet show has a happy end. The film's other story-line is different, with much more sad lyricism in it. In real life, unlike the puppet show, the relationship between the young puppeteer and his beloved is not that simple.

এই সিনেমায় একই সঙ্গে বোনা আছে দুটি গল্পের ধারা। একদিকে এক সরাইখানায় এক পুতুলনাচিয়ের জন্য তার পুতুলেরা অভিনয় করে সাহসী সৈন্য, দুষ্টু রাজকন্যা, ডাইনী, জাদুকর আর আজব দেশের বোকা রাজার রূপকথা যেখানে সবাই শেষকালে সুখে শান্তিতে বসবাস করে। অন্যদিকে তরুণ পুতুলনাচিয়ে আর তার প্রণয়িনীর সম্পর্ক আর জীবন কিন্তু জটিল।



**Through Fire, Water and Brass Pipes**
Ogon, voda i... mednye truby
Soviet Union, 1968, 86 mins
**Director: Aleksandr Rou**

In this Russian fantasy for children, Vasya is looking for firewood in the forest one day when he sees a beautiful girl named Alyonushka. Vasya is immediately smitten with Alyonushka, but the evil Kashchei spirits her away, and Vasya's strength, cunning, and intelligence are put to the test and he tries to find the woman of his dreams.

বনে কাঠ কুড়োতে গিয়ে ভাসিয়ার সঙ্গে দেখা হল সুন্দরী আলিওনুশকার। কিন্তু আলিওনুশকাকে চুরি করে নিয়ে গেল দুষ্টু কশ্চেই। ভাসিয়া তার শক্তি আর বুদ্ধির পরীক্ষায় উত্তীর্ণ হয়ে কিভাবে খুঁজে পেল তার স্বপ্নের সুন্দরীকে তারই গল্প এখানে।



**Barbara the Fair with the Silken Hair**
Varvara-krasa, dlinnaya kosa
Soviet Union, 1969, 85 mins
**Director: Aleksandr Rou**

Magic, mystery, and mistaken identities are all part of this visually striking fantasy based on a well-known Russian fairy tale about the prince and a fisherman's boy (both named Andrei) and Barbara, the lovely daughter of a wicked wizard.

রুশদেশের রূপকথার একটি গল্প নিয়ে এই সিনেমা, যেখানে আছে রাজপুত্র আন্দ্রেই আর জেলের ছেলে আন্দ্রেই এর কাহিনী আর আছে দুষ্টু জাদুকরের মিষ্টি মেয়ে বারবারার কথা।




**Finist The Bright Falcon**
Finist - yasny sokol
Soviet Union, 1975, 75.0 mins
**Directors: Gennadij Vasil'ev**

Once upon a time there lived a brave and kind hero named Finist the Bright Falcon. He was famous for his strength, courage and a heart of gold. But one day the Russian land was attacked by an evil enemy who turned our hero into a forest monster. This spell was cast on a condition that Finist might become a man again, should a beautiful girl, Alyonushka, fall in love with him while he was a beast.

ঝলমলে বাজ ফিনিস্ত যেমন বীর, তেমনি দয়ালু। কিন্তু এক শত্রু তাকে জাদু করে বনের দৈত্য করে রাখল। একমাত্র সুন্দরী আলিওনুশকা যদি ভয় না পেয়ে তাকে ভালোবাসে তবে সেই ভালোবাসার শক্তিতেই কেটে যাবে এই জাদু। ফিনিস্ত আবার আগের রূপ ফিরে পাবে।



**Treasure Island**
Soviet Union, 1988, 106 mins
**Director: David Cherkasskiy**

Treasure island is based on the immortal Classic story of Robert Louis Stevenson.

রবার্ট লুই স্টিভেনসনের অমর কালজয়ী কাহিনী অবলম্বনে নির্মিত এই সিনেমা।




**Yarik**
Russia, 78 mins
**Director: Cecile Henry**

In the last five years 62,000 Russian children have been abducted, taken out of the country and sold. This hard-hitting drama is the remarkable story of one of these children. The lucky ones are adopted by rich families in the West. Others are sold into a life of prostitution, drugs or crime. But many are murdered so their organs can be sold on the black market, often with the collusion of the Russian police.

গত পাঁচ বছরে বাষট্টি হাজার রুশ শিশু অপহৃত হয়েছে, বিক্রি হয়ে গেছে দেশের বাইরে – এরকমই এক শিশুর গল্প রয়েছে এখানে। এরমধ্যে যারা সৌভাগ্যবান, তাদের দত্তক নেয় পশ্চিমের ধনী পরিবারগুলি। বাকিরা বিক্রি হয়ে যায় অপরাধ জগতে, নেশার ঠেকে, বেশ্যালয়ে। বহু শিশুকে খুন করে তাদের অঙ্গ-প্রত্যঙ্গ বিক্রি করে দেওয়া হয় কালোবাজারে। আর এই সবকিছুই ঘটে রুশ পুলিশের যোগসাজসে।




**The Twelfth Summer**
Dvenadtsatoe leto
Russia, 2008, 80 mins
**Director: Pavel Fattakhutdinov**

He runs all the time. He runs home to meet his father coming back from his work. He runs to the river bank to swim searching for someone's lost wristwatch. He runs all the time, and hears behind his mother's calling: "Mishka !" But a 12 years old Mishka doesn't hear her, he hurries to live his twelfth summer.

সবসময়েই দৌড়ে বেড়াচ্ছে ছেলেটা, কাজ থেকে ফেরা বাবার সঙ্গে দেখা করতে লাগাল ছুট। ছুটে চলল নদীর পারে, সাঁতরে কারো হারানো ঘড়ি খুঁজে দেবে বলে। সমস্তক্ষণ ছুটছে ছেলেটা, আর পেছন থেকে শুনতে পাচ্ছে মায়ের ডাক, "মিশ্‌কা!!" কিন্তু বারো বছরের মিশকার দাঁড়ানোর অবকাশ কই? জীবনের বারোতম গ্রীষ্মযাপনে সে মহাব্যস্ত।

2nd Kolkata International Children's Film Festival

# MY CAMERA MY WORLD



## MY CAMERA MY WORLD

### A competition of films made by children at the second KICFF

At the first Kolkata International Children's Film Festival held in December 2011, there was a section called Amader Chhabi, where films made by children were showcased. These films were curated by Bichitra Pathshala and this package demonstrated the fluency with which children use moving images to express themselves. The success of Amader Chhabi inspired the festival organizers to announce a filmmaking competition among school children for the second ASKCU. The competition was christened My Camera My World. Bichitra Pathshala once again joined hands with the festival committee and approached the schools to participate in the competition. The theme "Life Around Me" was given to children of classes V to VII and the theme "My Changing Environment" was given to children of classes VIII to XII. The children were encouraged to use non professional gadgets to make the films.

To make sure that children from all walks of life participate in the competition, a four day long workshop was announced for the children of Bengali medium schools and non formal schools. The workshop was hosted by Shishu Kishore Akademi and executed by Bichitra Pathshala. The fundamentals of scripting, camera, animation technique and editing were taught at this workshop through the making of four short films. At the last session of the workshop, the children pitched their ideas. After this, they got almost a month's time to execute the ideas and submit their films.

The workshop was conducted by Subha Das Mollick, S. Shankar, Sudipto Shankar Roy, Devika Kar and two members of Earth Day Network.

My Camera My World eventually received 56 entries from 20 schools. All the entries were viewed and carefully evaluated by an adult jury as well as a child jury. The decisions of the jury will be announced at the inauguration of ASKCU 2012.

| Members of child jury | Members of adult jury |
|---|---|
| Vatsal Manot | Sunetra Ghatak |
| Akash Kar | S.V Raman |
| Aliva De Sarkar | Sumita Samanta |
| Ritabrata De | Ladly Mukhopadhaya |
| Aratrik Bhadra | Moloy Mitra |
| Disha De | Pracheta Gupta |

### Films selected to be screened under the My Camera My World Section

## Life Around Me (Class V to VII)

**Life around me,** 1.48 min
School : Birla High for Boys

**Realization,** 3 min 34 sec
School : Jyotirmayee Vidyamandir

**Pabitra Gang,** 6 min 5 sec
School : Sailendra Sarkar School

**Amake Chhere Jeona Misti,** 4 min 22 sec
School : Sailendra Sarkar School

**Kothay Kheli,** 4 min 30 sec
School : Sailendra Sarkar School

**The Wall,**
School : La Martinere for Boys

**Puja in Kolkata – Not for All,** 5 min 24 sec
School : Sri Shikshayatan

**A small journey into the life of mankind,**
5 min 22 sec. School : Sri Shikshayatan

**Agamoni,** 5 min 6 sec
School : Sri Shikshayatan

**Beautification of Kolkata,** 5 min
School : Sri Shikshayatan

**Kolkata the City of Joy,** 5 min
School : Sri Shikshayatan

**Life Around Me,** 2 min 50 sec
School : Loreto Bowbazar

**A Flower Makes Friends,** 3 min
School : Akshar School

**Picnic,** 3 min 4 sec
School : Sailendra Sarkar Vidyalaya

**Sashan,** 2 min 35 sec
School : Pathar Ghata High School

**Bandhu,** 4 min 16 sec
School : Sailendra Sarkar Vidyalaya

**Aamar Thamma,** 3 min 49 sec
School : Sailendra Sarkar Vidyalaya

**Rocky and Bunty,** 4 min 5 sec
School : Barisha High School

**Baju Anander na Dukher,** 4 min 44 sec
School : Gonipur Shitala High School

**A Green Dream,**
School : Birla High School for Boys

**My Concern for Cheerful Climate,** 6 min 55 sec
School : Birla High School for Boys

## My Changing Environment (Class VIII to XII)

**As I See It,** 11 min 22 sec
School : Carmel High School

**My Changing Environment,** 9 min 57 sec
School : Sri Shikshayatan School

**Paint It,** 4 min 15 sec
School : Gandhi Colony Madhyamik Vidyalaya

**Silent Footsteps,** 8 min 21 sec
School : La Martinere School for Boys

**I AM THE FINAL CHANGE,** 7 min 45 sec
School : Modern High School

**Open Sky,** 8 min 9 sec
School : G.D Birla Centre for Education

**Green Wish,** 6 min
School : Loreto Bowbazar

**Life Around Me,** 6 min 27 sec
School : Loreto Bowbazar

**My Changing World,** 6 min 27 sec
School : Loreto Bowbazar

**Ganga aar Ami,** 7 min
School : The Oriental Seminary

**A Friendy Poison,** 10 min
School : Xavier's English School

**Changing Environment,** 8 min 4 sec
School : Mahadevi Birla School

**Changing Environment,** 18 min
School : Mahadevi Birla School

**Sabujalay,** 11 min 15 sec
School : Indrani Hasna Mayani High School

**Joy in Grief,** 14 min 34 sec
School : BD Memorial Institute

**Unspoken Utterance,** 8 min 20 sec
School : BD Memorial Institute

**Neer Hara Pakhi,** 14 min 19 sec
School : BD Memorial Institute

**Status,** 8 min 32 sec
School : BD Memorial Institute

**Greenolution,** 11 min 52 sec
School : BD Memorial Institute

**My Changing Environment,** 5 min
School : La Martinere for Girls

**The Change**
School : Future Foundation

**Kolkata Changing Kolkata Remains**
7 min 13 sec. School : The Heritage School

**The Vanishing Greens,** 3 min 11sec
School : Birla High for Boys

**Is Ganges still the Holy River?** 7 min 38 sec
School : Birla High for Boys

**The Amazing Greenman,** 8 min 44 sec
School : Laxmipat Singhania School

**Chhaya Juddho,** 9 min 43 sec
School : Sailendra Sarkar Vidyalaya

2nd Kolkata International Children's Film Festival

# FILMS DIVISION PACKAGE



**MY FAIRY MY STRENGTH,** 40 mins

Through a story of a little girl Bulbul this film sends a message across that it is through self-help and perseverance that something can be achieved.

ছোট্ট মেয়ে বুলবুলের গল্প আমাদের বলে চেষ্টা ও আত্মনির্ভরতা থাকলে সব কিছুই করা সম্ভব।

**ROSHNI,** 62 mins

Priya has been taught by her father to look for something good in every bad person. By virtue of this habit she starts to change the attitude of everyone around her.

প্রিয়াকে তার বাবা শেখান সব খারাপ মানুষের মধ্যেই কিছু না কিছু ভাল আছে। এই শিক্ষার গুণে সে ধীরে ধীরে আশেপাশের সবার মনোভাব পরিবর্তন করতে পারে।

**THE LOST CHILD.** 27 mins

The film is based on the writing of Shri Mulk Raj Anand.

শ্রী মুলক রাজআনন্দের একটি রচনা অবলম্বনে নির্মিত চলচ্চিত্র।

**THE CIRCLE,** 11 mins

This film explains the basic principles of the circle and thus creates a desire in students to learn more of the subject.

জ্যামিতিক বৃত্তের মূল সূত্রগুলি ব্যাখ্যা করে এই ফিল্ম যাতে ছাত্ররা বিষয়টিতে উৎসাহ লাভ করে।

**A PLACE IN THE SUN,** 10 mins

This film is a story based concept of pollution beneath water, where a group of fishes in search of safe place move from riverbed to seabed. But ultimately the so called progress of mankind has been at the cost of the lives of the innocent creatures.

জলের গভীরে দূষণের ফলে এক ঝাঁক মাছ নদী থেকে সমুদ্রে যাত্রা করে। মানুষের তথাকথিত উন্নয়নের খাতিরে তাদের প্রাণ বিনষ্ট হয়।

**BANYAN DEER,** 10 min

It is based on a Buddhist Jataka story. Made as a cartoon it illustrates how self - immolation can bring about change in human outlook from violence to non violence.

একজনের আত্মোৎসর্গ কিভাবে সবাইকে হিংসা থেকে অহিংসার পথে নিয়ে যেতে পারে, বৌদ্ধ জাতকের গল্প নিয়ে তৈরি এই সিনেমা তারই কাহিনী।

**NEEL AKASH,** 60 mins

The story revolves around a village boy Neel, who loves the simple village life. But his parent's ambition to succeed in the contemporary rat race makes Neel suffer. He struggles to go back to his original village life. The story has two folds: firstly, it opens the recognition and acceptance of the village life and secondly it demands to recognize and honour the child psychology.

নীল ভালবাসে গ্রাম্য সরল জীবনযাত্রা কিন্তুতার বাবা-মায়ের উচ্চাশা আধুনিকতার ইঁদুর দৌড়ে সাফল্যলাভ, এর ফলে কষ্ট পেতে হল নীলকে। সে পুরোনো গ্রামীণ জীবনে ফিরে যাবার চেষ্টা করে। এ সিনেমা একদিকে গ্রামীণ জীবনের গুরুত্বকে ও অন্য দিকে শিশুমনস্তত্বকে স্বীকার করার দাবি জানায়।

**EK ANEK AUR EKTA,** 8 mins

An animation weaving a story around the proverb "United we stand, Divided we fall".

'একতাই বল' এই প্রবাদকে উপস্থাপিত করে এই অ্যানিমেশন চিত্র

**EDUCATION ONLY HER FUTURE,** 5 mins

This clay-animation is a story of a poor potter's daughter and her education.

এক দরিদ্র কুমোরের মেয়ের পড়াশোনার গল্প বলে এই অ্যানিমেশন চিত্র।

**THE BALLOON,** 7 mins

The film warns people against rumour mongering. Rumours can make a mountain out of a molehill.

গুজবে উই ঢিপিও পাহাড়প্রমাণ হয়ে ওঠে অতএব গুজব হইতে সাবধান।

**KALAKALAM,** 20 mins

Kalakalalm is an animation film based on Rabindranth Tagore's Tota Kahini.

রবীন্দ্রনাথ ঠাকুরের তোতাকাহিনী অবলম্বনে নির্মিত এই অ্যানিমেশন চিত্র।

# ARCHIYAL FILMS





**Lumire Programme**
France, 1895
**Director: Lumiere Brothers**

One of the earliest cinemas in history.

লুমিয়ের ভাইদের তৈরি চলচ্চিত্রের ইতিহাসের প্রথম সিনেমাগুলির মধ্যে একটি।




**The Great Train Robbery**
USA, 1903, Silent
12 mins
**Director: Edwin S. Porter**

The film opens with two masked bandits breaking into a railroad telegraph office, where they force the operator at gunpoint to stop the train. Four bandits board the train and run a rampage with looting and firing. Carrying their loot, the bandits escape in the locomotive, later stopping in a valley to continue on horseback. Back in the telegraph office, the operator, when comes to senses, gets assistance to pursue the bandits. They catch up with the bandits, and kill the bandits in a final shootout.

টেলিগ্রাফ অপারেটরকে বন্দুক দেখিয়ে জোর করে ট্রেন থামিয়ে চার ডাকাত লুটতরাজ, খুনজখম করে পালায়। জ্ঞান ফিরে পেয়ে অপারেটর দলবল জুটিয়ে ডাকাতদের তাড়া করে ধরে ফেলে, পারস্পরিক বন্দুকবাজির শেষে মারা পড়ে ডাকাতরা।



**Raja Harishchandra**
India, 1913, 10 mins
**Director: Dhundiraj Govind Phalke**

The king endures much hardship including being banished from his kingdom before a god appears to reassure everyone that the whole narrative was merely a test of the king's integrity

রাজ্য থেকে বিতাড়িত রাজা হরিশচন্দ্র অশেষ দুর্দশা ভোগ করেন, শেষে দেবতার দয়ায় তিনি উদ্ধার পান, জানতে পারেন এই দুর্গতি ছিল তার সততা ও ধর্মবোধের পরীক্ষা।



**Mirror of Holland**
Spiegel van Holland
The Netherlands, 1950, 10 mins
**Director: Bert Haanstra**

Haanstra made *this film* combining his talent as a filmmaker with his eye as a painter. Holding the camera upside down, he filmed images of Holland reflected in water. The effect is strange and delightful.

শিল্পদৃষ্টি ও চলচ্চিত্রের প্রতিভা, এই দুয়ের সমন্বয়ে এই তথ্যচিত্রটি নির্মাণ করেছিলেন হান্সট্রা। ক্যামেরাকে উল্টে ধরে তিনি জলে প্রতিবিম্বিত হল্যান্ডের ছবি তোলেন, সৃষ্টি করে এক আশ্চর্য আনন্দময় অভিজ্ঞতা।



**Glass**

Glas

The Netherlands, 1958, 11 mins

**Director: Bert Haanstra**

This is an Oscar winning Documentary on the glass production process with synced jazz music and sounds.

জ্যাজ সংগীতের সুরে বাঁধা কাঁচ তৈরির প্রক্রিয়া নিয়ে নির্মিত অস্কারজয়ী এই তথ্যচিত্র।



**Zoo**

The Netherlands, 1962, 10 mins

**Director: Bert Haanstra**

Who is watching who in the zoo? Is it the visitors watching the animals, or do the animals consider the visitors to be a nice view. Bert Haanstra placed hidden cameras in the Artis Zoo in Amsterdam, filming both the reactions of animal and man on each other.

চিড়িয়াখানায় কে কাকে দেখছে? মানুষ দেখছে পশুদের, নাকি পশুরা ভাবছে ওদের দৃষ্টিবিনোদনের জন্যই মানুষদের হাজির করা হয়েছে। আর্মস্টারডামের আর্টিস জু-তে লুকোনো ক্যামেরা বসিয়ে হান্সট্রা তুলেছেন মানুষ ও পশুদের প্রতিক্রিয়া।



**A Chairy Tale**
Canada, 1957, 12 mins
**Directors: Claude Jutra, Norman McLaren**

An animation film about a chair that refuses to be sat upon.

এই অ্যানিমেশন ফিল্মের বিষয় একটা চেয়ার যে কাউকে বসতে দিতে নারাজ।



**Opening Speech**
Canada, 1960, 7 mins
**Director: Norman McLaren**

At the opening of the first Montreal International Film Festival, animation director Norman McLaren comes out on stage to give the opening speech. Unfortunately, his microphone has a prankish mind of its own, and is determined to keep him from speaking. This leads to a struggle and a solution that only McLaren could create.

মনট্রিল চলচ্চিত্র উৎসবের মঞ্চে উদ্বোধনী বক্তৃতা দিতে আসেন পরিচালক। কিন্তু, মাইকের মতিগতি অন্যরকম, সে কিছুতেই ওঁকে বক্তৃতা দিতে দেয় না। মাইকের সাথে যুদ্ধ করে অবশেষে পরিচালক একটা সমাধান বার করেন।

2nd Kolkata International Children's Film Festival

# WORLD CINEMA






**Lucky Miles**
Australia, 2007, 102 mins
**Director: Michael James Rowland**

An Indonesian fishing boat abandons a group of Iraqi and Cambodian men on a remote part of the Western Australian coast in 1990. Told there is a bus over the dunes, the men are abandoned to a desert. While most are quickly rounded up, three men elude capture and begin an epic but confused journey...

এক ইন্দোনেশিয়ান নৌকো একদল ইরাকি ও কাম্বোডিয়ান বেআইনী অভিবাসীকে এনে অস্ট্রেলিয়ার পশ্চিম উপকূলের মরুভূমিতে ছেড়ে চলে যায়। বলে তাদের জন্য বালিয়াড়িতে অপেক্ষা করছে বাস। সবাই ধরা পড়ে যায়, তিনজন ছাড়া। এরা এই মরুদেশে শুরু করে এক দ্বিধাভরা অন্তহীন যাত্রা।

**The Dream Kites**
Ghuri
Bangladesh, 47 mins
**Director: Brita Roy Dipa**

Badsha, a teenager loves to fly kites with his friends. His father becomes compelled to sell the last piece of their cultivable land to repay loan. Eventually father goes to another town for earning and family does not get any news of him. Badsha and his mother come in Dhaka for livelihood. Simple Badsha enters a world of cruel reality. But he can't relinquish the dream to fly kites.

বাদশা ভালবাসে বন্ধুদের সঙ্গে ঘুড়ি ওড়াতে। তার বাবা ঋণের দায়ে শেষ জমিটুকুও বেচে দিয়ে চলে যায় শহরে উপার্জনের খোঁজে, তার আর খবর পাওয়া যায় না। মা বাদশাকে নিয়ে ঢাকা আসে একই কারণে। সাদাসিধে বাদশা নিষ্ঠুর জীবনের মুখোমুখি হয়, কিন্তু তার ঘুড়ি ওড়ানোর স্বপ্ন মরে না।

**The Bond**
Ronir Shalik
Bangladesh, 40 mins
**Director: Brita Roy Dipa**

Roni, a ten year old boy, lives in a slum, cherishes a desire to be a respected person in future. But when he realizes it is quite difficult to materialize his dream through his studies, he passes time like a vagabond .... Roni's mother a maid servant of a sophisticated family. One day Roni catches a bird- Shalik. His acquaintance tells him to make the bird free, but he does not pay heed to him. Later he sets steps to dark world. But his conscience pains him when he comes to know the family his mother serves is in trouble. He promises to help the family ever sacrificing his bird.

বস্তিবাসী বালক রনি বড় হয়ে কেউকেটা হবার স্বপ্ন দেখে। কিন্তু পড়াশোনা করে তা করা খুব শক্ত তাই রনি প্রায় ভবঘুরের জীবন কাটায়। রনি একটা শালিক পাখি পোষে। তার মা কাজ করে এক শিক্ষিত পরিবারের বাড়িতে। ক্রমশ রনি অপরাধ জগতের পথে পা বাড়ায়। কিন্তু যখন সে শোনে এই পরিবারের বিপদ তখন সে সাহায্যের হাত বাড়ায়, এমনকি শালিক পাখির বিনিময়ে ...




**My Friend Rashed**
Aamar Bondhu Rashed
Bangladesh, 2011, 96 mins
**Director: Morshedul Islam**

Story of a boy named Ibu during Liberation war of Bangladesh in 1971. The main character Rashed suddenly appears at his school. When other students are not conscious about the liberation movement Rashed could understand the matters. Rashed started to motivate others. One day, Pakistani army attacks the town. Rashed and his friends starts to help Muktibahini. A member of Muktibahini they know, named Shafiq, gets caught at battle. Rashed and his friends takes him out from death. One day, Rashed and his friends get detached from each other. Ibu and his family leaves the town for a safe place across the border. But, Rashed stays and gets involved in the war. The friends meet again after the war is over. But, Rashed was martyred at the war.

ইবুর ইস্কুলে বাংলাদেশ মুক্তিযুদ্ধের সময় ১৯৭১-এ হঠাৎ এসে উপস্থিত হয় রশিদ। যখন অন্য ছেলেরা মুক্তিযুদ্ধ বিষয় কিছুই জানে না। রশিদ কিন্তু বুঝতে পারে কি ঘটছে। সে সবাইকে প্রেরণা জোগায়। একদিন খান সেনা শহর আক্রমণ করে, রশিদ ও তার বন্ধুরা মুক্তিবাহিনীকে সাহায্য করতে থাকে। মুক্তিবাহিনীর এক যোদ্ধা শাফিক যুদ্ধে ধরা পড়ে, রশিদেরা তার প্রাণ বাঁচায়। অবশেষে এরা সবাই পরস্পর বিচ্ছিন্ন হয়ে পড়ে। ইবু ও তার পরিবার শহর ছেড়ে পালায় সীমান্তের ওপারে। রশিদ যুদ্ধে যোগ দিয়ে থেকে যায়। যুদ্ধ শেষে বন্ধুদের পুনর্মিলন ঘটে, কিন্তু রশিদ যুদ্ধে শহিদ হয়।




**On the Sly**
À pas de loup
France, 2011, 77 mins
**Director: Olivier Ringer**

In a world and in a time not so far away lived a little girl who had the feeling to be invisible in her parents eyes. To be sure, she decided to disappear. . At the end of a weekend away, runs off to the woods when her parents leave for home. The film is on how the young register time and basic tasks differently…

এক যে ছিল (সে খুব বেশীদিন আগের কথা নয়) ছোট মেয়ে, যে বাপ-মার চোখে অদৃশ্য হয়ে থাকতে চায়। কাজেই হপ্তাশেষের ছুটির পরে সে পালিয়ে যায় জঙ্গলে, যখন বাবা-মা বেড়িয়ে-টেড়িয়ে বাড়ি ফেরার জন্য রওনা হয়। আসলে ছোটরা তো জীবনটাকে দেখে বড়দের থেকে অন্যরকম চোখে......




**Xuxa Twins**
Xuxa Gêmeas
Brazil, 2006, DVD, 81 mins
**Director: Jorge Fernando**

Two identical twin girls were parted very early in their lives after one of them crawled away unnoticed from their parents car and entered a motorhome owned by a troupe of artists. Many years after the incident we learn that the first twin, Elisabeth, is the CEO at her fathers industries. The other girl, Mel, works as the headmaster of a theater school that helps teenagers from a poor neighborhood. The twins meet again when Elizabeth decides to cut the funds her company used to donate to Mel's charity project, although neither one knew about each other.The conflicts between the girls get worse after a precious familys diamond, which was hidden in a chandelier at Elizabeths house, ends up in Mel's hands.

দুই যমজ বোন শৈশবেই পরস্পরের থেকে বিচ্ছিন্ন হয়ে যায়, যখন একজন কারোর অজান্তে তার বাবার গাড়ি থেকে হামাগুড়ি দিয়ে চলে গিয়ে ঢুকে পড়ে শিল্পীদের এক ক্যারাভানের মধ্যে। বহুবছর পরে আবার তাদের দেখা হয়। সেসময় বড় বোন এলিজাবেথ তার বাবার কারখানার মালিক, আর ছোটো বোন মেল এক দাতব্য সংস্থায় গরিব কিশোর-কিশোরীদের নাটক শেখায়। দুজনের কেউই পরস্পরকে চেনে না। বড় বোন ছোট বোনের সংস্থার অনুদান ছেঁটে দেয়। ক্রমশ দ্বন্দ্বে জড়িয়ে পড়ে দুই বোন।




**Taina II**
Tainá 2 - A Aventura Continua
Brazil, 2004, DVD, 80 mins
**Director: Mauro Lima**

Little indian girl Tainá faces a band of pirates who are against biodiversity, while looking for her 6 year old friend Catiti, who left her tribe to fight for the environment.

ছোট্ট মেয়ে তায়না এক দল পরিবেশ ধ্বংসকারী দস্যুর মুখোমুখি হয়। তায়না খুঁজে বেড়াচ্ছিল তার ছয় বছরের বন্ধু কাতিতিকে, যে তার জনজাতিকে ছেড়ে পরিবেশ রক্ষার জন্য লড়াইয়ে নেমেছে।




## The Crocodiles

Vorstadtkrokodile
Germany, 2009
**Director: Christian Ditter**

Ten-year-old Hannes, growing up with his young, poor and single mother wants to join the coolest gang in the area, the Vorstadtkrokodile. When the 'entry test' goes wrong, Hannes's life is saved by Kai, who is desperate to join too but is wheelchair bound and unable to even run away when things get hot. Hannes would accept Kai but the other gang members don't seem happy to accept a handicapped member. Finally Kai has something to offer. One night a shop is robbed and Kai sees the robbers with his telescope. This is his chance to give some important information to the Crocodiles who want to catch the robbers and gain the €1000 reward. The Crocodiles and their new member will embark on a big and dangerous adventure.

গরিব একাকী মায়ের ছেলে দশ বছরের হান্স এলাকার বিখ্যাত ছেলের দল ‘ক্রোকোডাইল’-এ যোগ দিতে চায়। কিন্তু ব্যাপারটা অত সহজ নয়। দলে ঢোকার পরীক্ষা ঘেঁটে গেলে, হান্সের জীবন বাঁচায় কাই। পাই নিজেও দলে যোগ দিতে চায়। কিন্তু সে হুইলচেয়ার ব্যবহার করে বলে, হান্স ছাড়া দলের বাকিরা তাকে নিতে নারাজ। কারণ বিপদে পড়লে প্রতিবন্ধী কাই তো দৌড়ে পালাতেও পারবে না। এক রাতে কাই দেখে ফেলে একদল ডাকাত দোকান লুট করছে। ‘ক্রোকোডাইল’ দলের ছেলেরা ডাকাতদের ধরে এক হাজার ইউরো পুরস্কার পেতে চায়। অতএব কাইয়ের দেওয়া তথ্য পেয়ে তাকে সঙ্গে নিয়ে এক বিপজ্জনক অভিযান শুরু করে ‘ক্রোকোডাইল’রা।



## Belakinedge

India
**Director: Ramesh Kumar Jain**

Belakinedege is narration of inspiring young kids who agitate against the Cosmo life of metro cities, corruption and social inequalities. The kids from a city slum, including Raju, the hero of the film , who have been rejected from their basic equality rights and have been kept away from the amenities of the Government schemes, are such fighter who bring a change.

শহরের কসমোপলিটন জীবনযাত্রা, দুর্নীতি আর সামাজিক বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদ করে এমন একদন শিশুর প্রেরণাময় কাহিনী। ন্যূনতম সামাজিক অধিকার থেকে, সরকারি প্রকল্পের সব সুবিধা থেকে বঞ্চিত বস্তিবাসী এই শিশুরা এই লড়াই-এর নেতা – শেষ পর্যন্ত তারাই অবস্থার বদল ঘটায়।



## Monica's Gang in an Adventure in Time

Turma da Mônica em Uma Aventura No Tempo
Brazil, 2007, DVD, 80 mins
**Director: Mauricio de Sousa**

Our heroes need to take a trip in time, in a Time Machine, in order to recoup the essence of the four elements before the Earth gets frozen. The Gang will face the dangers of the Ancient History with Piteco, will help Papa-Capim to save the Forest, will fight with the Astronaut against the pirates and will even meet themselves as babies in the past!

পৃথিবী বরফে জমে যাওয়ার আগের অবস্থা থেকে চারটি মৌলিক উপাদানকে পুনরুদ্ধার করতে টাইম মেশিনে চড়ে অভিযাত্রীরা সময় পেরিয়ে যাত্রা করে। তারা এই অভিযানে প্রাচীন ইতিহাসের নানা বিপদের সম্মুখীন হয়। মহাকাশযাত্রীদের সঙ্গে মিলে তারা লড়াই করে দস্যুদের বিরুদ্ধে, পাপা-কাপিমকে সাহায্য করে অরণ্য সংরক্ষণে। এমনকি তাদের নিজেদের ফেলে আসা শিশু-স্বরূপের সঙ্গেও দেখা হয়ে যায়।




## Xuxa and the Lost Treasure's City

Xuxa e o Tesouro da Cidade Perdida
Brazil, 2004, DVD, 84 mins
**Director: Moacyr Góes**

Deep in the unknown Amazon rain forest, there is a lost subterranean city. The place was built by Vikings who crossed the Atlantic Ocean and ventured up the Amazon River, that shelters a mysterious treasure. In order to find the secret location, Bárbara (Xuxa Meneghel) and the children Riacho and Manhã will have to face many challenges. Vicious snakes and dangerous pendulum blades are only the beginning of our heroes' adventures in "Xuxa and The Treasure from the Lost City"

আমাজনের গভীর অরণ্যে আছে এক প্রাচীন প্রোথিত নগরী। অতলান্তিক মহাসাগর পার হয়ে আসা ভাইকিংরা আমাজন নদী উজিয়ে তৈরী করেছিল এই নগর। রহস্যময় সম্পদ লুকিয়ে আছে এখানে। বারবারা এবং দুটি শিশু রিয়াকো ও মানহা নানা ভয়ঙ্কর বিপদের মধ্যে দিয়ে খুঁজে বার করার চেষ্টা করে এর গোপন অবস্থান।

**The Circumambulation**
**Chorten Kora**
Bhutan, 108 mins
**Director: Gyem Dorji**

"Chorten Kora" is a tragic love story that acquaints us with the life of a young princess from a mythical place Tawang. The story dwells upon the conflict between her human desires, her love and happiness, and the reality of a cold untimely death.

এ এক বিষন্ন প্রেমের গল্প, যেখানে বলা হয় তাওয়াং-এর এক রাজকুমারীর মনোবাসনা, তার প্রেম ও আনন্দ আর অসময়ে মৃত্যুর শীতল বাস্তবতার কাহিনী।



**Hutong Days**
China, 2008, DVD, 90 mins
**Director: Zhanjun An**

A touching contemporary drama about the emerging Chinese middle class: When his unhappy wife leaves for a month of corporate training, a struggling young father loses his job, learns to cope with their 7 year old son, and finds unlikely salvation in the form of a cake delivery job that allows him to find his real talent and reunite with his estranged wife.

এক চৈনিক মধ্যবিত্ত পরিবারের গল্প। সাত বছরের ছোটো একটি ছেলের মা এক মাসের কর্পোরেট ট্রেনিং-এর জন্য বাড়ি ছেড়ে যেতে বাধ্য হয়। তাকে দেখাশুনা করতে গিয়ে ছেলেটির বাবা চাকরি খোয়ায়। শেষ পর্যন্ত সে জোগাড় করে কেক ডেলিভারির এক চাকরি। এর মধ্যেই সে খুঁজে পায় নিজের প্রতিভা বিকাশের পথ, স্ত্রীর সঙ্গে আবার মিলিত হয়।

**The Bird Island**
China, 2008, 106 mins
**Director: Wu Mingxiao**

Pingping, a small girl, lives in a city perched on the earthquake zone. She loves staying on the rooftop, immersed in scientific fantasy and mythology. She sees an advertisement on the Bird Island in the Sand Lake. Legend says that one can learn to fly with the birds there. She starts for the island with two schoolmates by bike and begins a journey full of wonders… But when they reach they find it to be just another tourist spot.

ছোট্ট মেয়ে পিংপিং থাকে ভূমিকম্পপ্রবণ এক অঞ্চলে। সে ভালবাসে কল্পবিজ্ঞান আর পুরাণের কাহিনীতে মগ্ন হয়ে ছাদে বসে সময় কাটাতে। একদিন সে টিভিতে স্যান্ড লেকের মধ্যে বার্ড আইল্যান্ড বিষয়ে এক বিজ্ঞাপন দেখে। এদিকে পুরা কথায় বলা আছে সেখানে গেলে নাকি মানুষ পাখিদের মত উড়তে পারে। স্কুলের দুই বন্ধুকে নিয়ে সে এক আশ্চর্য ভ্রমণ শুরু করে বার্ড আইল্যান্ডের উদ্দেশ্যে – কিন্তু সেখানে পৌঁছে তারা দেখে এ এক পর্যটন কেন্দ্র মাত্র …




**Sparkling Red Star**
China, 2007, 90 mins
**Director: Dante Lam Chui-Yin**

The animation film is set in 1937 against the background of the Red Army's Long March. In Liuxi Village in Jiangxi, an innocent and cheerful child, Pan Dongzi spent his carefree childhood. However, after reaching 10 years of age, he began to experience the sorrows and joys of life's partings and reunions, as the Red Guards fight with the bullying landlord and his henchmen and he loses both his parents…

১৯৩৭ সালে রেড আর্মির লং মার্চের প্রেক্ষিতে এই অ্যানিমেশন ফিল্ম। হাসিখুশি সরল প্যান লিউক্সি গ্রামে কাটাচ্ছিল নিশ্চিন্ত শৈশব। ১০ বছর বয়সে পৌঁছে জীবনের নানা কঠিন অভিজ্ঞতার সামনে পড়ে সে। যখন রেড গার্ডরা অত্যাচারী জমিদার ও তার গুন্ডাদের বিরুদ্ধে লড়াই শুরু করে, যে যুদ্ধে সে হারায় তার বাবা মাকে …




**The Apple and the Worm**
Æblet & ormen
Denmark, 2009, DVD, 75 mins
**Directors: Anders Morgenthaler, Mads Juul**

Torben is a self-absorbed red apple who dreams of becoming a handsome and brightly polished show apple. Naturally, he's scared of everything that might sour life for an apple.

টরবেন হল লাল টুকটুকে এক আত্মকেন্দ্রিক আপেল। তার একমাত্র উদ্দেশ্য সারাজীবন চকচকে টুকটুকে সুন্দরটি থাকা। স্বাভাবিকভাবেই সে সমস্ত কিছু নিয়েই আতঙ্কিত, যা তাকে নষ্ট করতে পারে।




**Karla & Jonas**
Karla og Jonas
Denmark, 2010, 83 mins
**Director: Charlotte Sachs Bostrup Blueray**

Karla meets Jonas after a long absense but their visit is not only a happy reunion. They develop a project that aims to find Jonas' mother, who probably lives in Aarhus. Without involving the adults….

অনেকদিন পর কার্লা আর জোনাসের আবার দেখা হল। কিন্তু এই পুনর্মিলন শুধু আনন্দের নয়। জোনাসের মা, যিনি সম্ভবত আর্হাসে থাকেন, তাঁকে খুঁজে বার করার জন্য এক পরিকল্পনা করে ওরা, বড়দের কোনও সাহায্য ছাড়াই।




**Christmas Story**
Joulutarina
Denmark
2007, 80 mins
**Director: Juha Wuolijoki**

In a remote village in Lapland, young Nikolas loses his family in an accident. The villagers decide to look after the orphaned boy together. Each family will take care of Nikolas for one year starting from the Chistmas Day. To show his gratitude to the villagers, Nikolas decides to make toys for the children of the families as good-bye presents. Over the years almost every house has presents on its doorstep on Christmas morning. When the village suffers a food shortage, the villagers have to send Nikolas to work as an apprentice for the hermit carpenter, Iisakki. Under the cruel tutelage of Iisakki, Nikolas develops skills that enable him to create even better presents and to work even faster. The child-hating Iisakki, however, forbids Nikolas from making presents. The Christmas present tradition is in danger of coming to an end.

ল্যাপল্যান্ডের প্রত্যন্ত এক গ্রামের ছেলে নিকোলাস্ তার বাড়ির সবাইকে হারায় এক দুর্ঘটনায়। গ্রামবাসীরা ঠিক করে সবাই মিলে অনাথ ছেলেটিকে মানুষ করবে এবং প্রতিটি পরিবার এক বছরের জন্য তার দায়িত্ব নেবে, বড়দিনের দিন থেকে গোনা হবে এই একবছর। গ্রামবাসীদের প্রতি কৃতজ্ঞ নিকোলাস্ প্রতি পরিবারে বিদায়বেলার উপহার হিসেবে রেখে যায় নিজের তৈরী খেলনা। ক্রমশ যত বছর যেতে থাকে, দেখা যায় বড়দিনের সকালে প্রতি বাড়িরই দরজায় রয়েছে কিছু না কিছু উপহার। গ্রামে খাদ্যাভাব হলে নিকোলাস্কে পাঠানো হয় সাধু ছুতোর ইসাকি'র কাছে কাজ শিখতে, তার কঠোর শাসনে নিকোলাস্ আরও তাড়াতাড়ি আরো সুন্দর সুন্দর উপহার বানাতে শেখে। শিশু বিদ্বেষী ইসাকি খেলনা বানানো নিষিদ্ধ করে। তবে কি বন্ধ হয়ে যাবে বড়দিনের উপহার দেবার রীতি? ----




**Trouble at Timpetill**
Enfants de Timpelbach
France, 2008, 35 mm, 97 mins
**Director: Nicolas Bary**

The children of a small European mountain village end up being its only residents, soon after the adults cannot take their behavior any longer.

ইউরোপের এক পাহাড়ী গাঁয়ে বাসিন্দা হিসেবে শেষ পর্যন্ত থেকে যায় ছোটো ছেলেমেয়েরা। কারণ বড়রা তাদের আচার-ব্যবহারে অতিষ্ঠ হয়ে ওঠেন।




**Kirikou and the Sorceress**
Kirikou et la Sorciere
France,1998, 35 mm, 74 mins
**Director: Michel Ocelot**

In a little village somewhere in Africa, a boy named Kirikou is born, who can already speak and walk. His mother tells him how an evil sorceress has dried up their spring and devoured all males of the village except of one. Hence little Kirikou decides, he will accompany the last warrior to the sorceress. Maybe he is the last hope of the village.

আফ্রিকার এক ছোট্ট গ্রামে জন্ম হল কিরিকুর, যে প্রথম থেকেই কথা বলতে ও হাঁটতে পারে। তার মা তাকে বলেন, কি করে এক দুষ্টু ডাইনি শুকিয়ে দিয়েছে তাদের ঝর্ণা। একজন বাদে গ্রামের সমস্ত পুরুষকে সে খেয়ে ফেলেছে। ছোট্ট কিরিকু ঠিক করে এই শেষ বেঁচে থাকা যোদ্ধার সঙ্গে সে যাবে ডাইনির কাছে। গ্রামের শেষ আশা তো এই কিরিকুই।



**Kirikou and the Wild Beasts**
Kirikou et les bêtes sauvages
France, 2005, 75 mins
**Directors: Bénédicte Galup, Michel Ocelot**

Kirikou's Grandfather proceeds to explain more about Kirikou's accomplishments. We find out how the little boy became a gardener, a detective, a maker of pottery, a merchant, a traveler and a doctor.

কিরিকুর ঠাকুর্দা তার আরো নানা সাফল্যের গল্প বলে, যেখানে ছোট ছেলেটি কখনো মালি, কখনো গোয়েন্দা, কখনো কুমোর, ব্যবসায়ী, ভ্রমণকারী, ডাক্তার ইত্যাদি।




**Princes and Princesses**
Princes et Princesses
France, 2000
DVD, 70 mins
**Director: Michel Ocelot**

It is a collection of six fairy-tales: The princess of Diamonds, the Boy and the Fig Tree, The witch, The Old Lady's Cape, The Crunch Queen and the Fabulo, and Prince and Princess

ছটি রূপকথার গল্পের সংকলন এই ছবি। হীরক রাজকন্যা, ছেলেটি ও ডুমুরগাছ, ডাইনিবুড়ি, বুড়িমার উড়নি, খচমচে রানী ও চমৎকুমার এবং রাজপুত্তুর ও রাজকন্যে।




**Eleanor's Secret**
Kerity la maison de contes
France, 2009, DVD,80 mins
**Director : Dominique Monfery**

In Chile's Atacama Desert, astronomers peer deep into the cosmos in search for answers concerning the origins of life. Nearby, a group of women sift through the sand searching for body parts of loved ones, dumped unceremoniously by Pinochet's regime.

চিলির অ্যাটাকামা মরুভূমিতে একদিকে জ্যোতির্বিজ্ঞানীরা গবেষণা চালাচ্ছেন প্রাণের উৎস নিয়ে। অন্যদিকে কাছেই একদল মহিলা বালি খুঁড়ে চলেছে পিনোচেত জমানায় খুন হয়ে যাওয়া তাদের প্রিয়জনদের দেহাবশেষের সন্ধানে।




**A Cat in Paris**
Une Vie de Chat
France, 2010, DVD, 70 mins
**Director: Jean-Loup Felicioli, Alain Gagnol**

In Paris, a cat who lives a secret life as a burglar's aide must come to the rescue of Zoe, the little girl he lives with, after she falls into a gangster's clutches.

প্যারিসের এক বিল্লি ছিল এক চোরের সাকরেদ। জ্যোয় নামের এক ছোট্ট মেয়েকে সে উদ্ধার করে দুষ্টু গুন্ডাদের কবল থেকে।




**The Little Ghost**
Das kleine Gespenst
Germany, 1992, 78 mins
**Director: Curt Linda**

When the clock tower strikes 12 times at midnight, the little white ghost awakens in his tower and haunts around his terrain which is normally devoid of people. He tells the wise owl of his desire to see the world just once by day. He got his wish, but differently than he expected. The ghost is horrified to discover that everything black is white and everything white is black, and that people are afraid of him. Until everything is back to normal again, the ghost embarks on an exciting adventure, and with him the whole city.

অম্বুজঘড়িতে রাত বারোটা বাজলে, ছোট সাদা ভূত রোগে উঠে ঘুরে বেড়ায় তার নিজের নির্জন এলাকায়। জ্ঞানী প্যাঁচাকে সে জানায় তার মনোবাসনা – একটিবার সে দিনের বেলার দুনিয়াটাকে দেখতে চায়। ইচ্ছেপূরণ হল ঠিকই, কিন্তু সম্পূর্ণ অন্যরকমভাবে। বেচারা দেখে, যা কিছু কালো, সব সাদা হয়ে গেছে। আর সব সাদা জিনিস কালো। তাছাড়া লোকেরা আবার তাকে ভীষণ ডরায়। সবকিছু স্বাভবিক হবার আগে শুরু হয়ে এক দারুণ অ্যাডভেঞ্চার, ভূতের সঙ্গে গোটা শহরটাই জড়িয়ে পড়ে তাতে।






**The Conference of the Animals**
Die Konferenz der Tiere
Germany, 1969, 95 mins
**Director: Curt Linda**

Since human beings have proved themselves apparently incapable of living in peace, a number of animals who have been rescued from a circus by children decide it is time to take a stand. They call an animal conference, where children are the guests of honor. But when the conference's call for peace falls on deaf ears, the animals decide to act and children side with them. Overnight, all the children in the world disappear hidden by the animals until the governments come to their senses.

এটা প্রমাণিত যে মানুষেরা যুদ্ধ না করে শান্তিতে থাকতে পারে না। শিশুরা যাদের সার্কাস থেকে উদ্ধার করেছিল এমন একদল পশু ঠিক করে তারাই একটা কিছু করবে। তারা পশুদের এক শান্তি সম্মেলন ডাকে, যেখানে ছোটরা আসে বিশেষ সম্মানিত অতিথি হিসেবে। এদের বিশ্বশান্তির ডাক যখন কেউ শোনে না, তখন পশুরা ঠিক করে এদের বাধ্য করতে হবে। সঙ্গে যোগ দেয় শিশুরাও, এক রাতের মধ্যেই সমস্ত পৃথিবী থেকে শিশুরা উধাও হয়ে যায়। পশুরা তাদের লুকিয়ে রাখে। অবশেষে সব দেশের সরকারেরই কানে জল যায়।






**Grave Decisions**
Wer früher stirbt ist länger tot
Germany, 2006, 102 mins
**Director: Marcus Hausham Rosenmüller**

An eleven year old searches for immortality. Splendidly cheeky and incredibly Bavarian, a little prankster tale. A wonderful blend of depth and heartfelt emotion with an authentic sense for the little things that are important in life.

এগারো বছরের ছোট ছেলেটি অমরত্ব সন্ধানী। এ তারই পাকামি আর দস্যিপনার গল্প, ছোট ছোট জিনিস যা জীবনে অমূল্য, তারই কথা বলা হয়েছে আন্তরিক আবেগ ও গভীরতার সঙ্গে।




**Hände weg von Mississippi**
Germany, 2006/07, 98 mins
**Director: Detlev Buck**

